# পদ্ধতিগত সুরক্ষার বিজ্ঞপ্তি

## ব্যুরো অফ স্পেশাল এডুকেশন'স কনসাল্টলাইন, পিতামাতাদের জন্য একটি হেল্পলাইন
**800-879-2301**

প্রতিবন্ধী শিশু বা প্রতিবন্ধী মনে করা শিশুদের পিতামাতা এবং সমর্থনকারীদের বিশেষ শিক্ষা সংক্রান্ত ফেডারেল ও স্টেটের আইন ব্যাখ্যা করা; পিতামাতাদের কাছে উপলব্ধ বিকল্পগুলি বর্ণনা করা; পিতামাতাদের পদ্ধতিগত সুরক্ষার ব্যাপারে জানানো; অন্যান্য এজেন্সি ও সহায়তা পরিষেবাগুলিকে সনাক্ত করা এবং উপলব্ধ প্রতিকার ও কীভাবে পিতামাতারা অগ্রসর হতে পারেন তা বর্ণনা করার জন্য ConsultLine-এর কর্মীরা উপলব্ধ।

এই বিজ্ঞপ্তির শেষে অতিরিক্ত সংস্থানগুলি দেখা যাবে।

প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষার আইন (Individuals with Disabilities Education Act, IDEA), প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত ফেডারেল আইন অনুসারে, স্থানীয় শিক্ষা এজেন্সি (Local Education Agency, LEA) কে একজন প্রতিবন্ধী শিশুর পিতামাতাকে IDEA এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের আইনের অধীনে উপলব্ধ পদ্ধতিগত সুরক্ষার একটি সম্পূর্ণ ব্যাখ্যা সমন্বিত এই বিজ্ঞপ্তিটি প্রদান করতে হবে। এই বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি পিতামাতাদের একটি স্কুলবর্ষে শুধুমাত্র একবারই প্রদান করতে হবে, অথবা:
(1) মূল্যায়নের জন্য প্রারম্ভিক রেফারেল বা পিতামাতার অনুরোধ জানানোর পরে; (2) একটি স্কুলবর্ষে 34 CFR §§300.151 থেকে 300.153 এর অধীনে পিতামাতার দায়ের করা প্রথম স্টেট অভিযোগ এবং §300.507 এর অধীনে পিতামাতার প্রথম ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করার পরে; (3) প্লেসমেন্টে পরিবর্তন করা একটি শাস্তি সংক্রান্ত ব্যবস্থার জন্য কোনো সিদ্ধান্ত নেওয়া হলে; এবং (4) পিতামাতার অনুরোধে প্রদান করতে হবে। [34 CFR §300.504(a)]

এই পদ্ধতিগত সুরক্ষার বিজ্ঞপ্তিতে §300.148 (সরকারি ব্যয়ে বেসরকারি স্কুলে একতরফা প্লেসমেন্ট), §§300.151 থেকে 300.153 (স্টেটের অভিযোগ জানানোর পদ্ধতি), §300.300 (সম্মতি), §§300.502 থেকে 300.503, §§300.505 থেকে 300.518, এবং §§300.530 থেকে 300.536 (আইনের পার্ট B সাবপার্ট E-তে পদ্ধতিগত সুরক্ষাগুলি), ও §§300.610 থেকে 300.625 (সাবপার্ট F-এ তথ্যের গোপনীয়তার বিধান)-এর অধীনে উপলব্ধ সকল পদ্ধতিগত সুরক্ষাগুলির একটি সম্পূর্ণ ব্যাখ্যা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। এই নমুনা ফর্মটি একটি ফরম্যাট প্রদান করে যা LEAগুলি পিতামাতাদের পদ্ধতিগত সুরক্ষা সম্পর্কে তথ্য প্রদান করার জন্য ব্যবহার করতে বেছে নিতে পারে।

## সূচিপত্র


**I. সাধারণ তথ্য ........................................................................ 1**

**একজন পিতামাতা বলতে কাকে বা কাদের বোঝানো হয়? ........................ 1**

**পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি কী? ........................ 1**

**মাতৃভাষা কী? ........................ 2**

**ইলেকট্রনিক মেলের মাধ্যমে বিজ্ঞপ্তি ........................ 2**

**পিতামাতার সম্মতি কী? ........................ 2**

**কখন পিতামাতার সম্মতি প্রয়োজন? ........................ 3**

**ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য প্রকাশ করার সম্মতি ........................ 5**

**II. গোপনীয়তা সংক্রান্ত তথ্য . ........................ 6**

**আমার সন্তান সম্পর্কিত গোপনীয় তথ্যে কার অ্যাক্সেস রয়েছে? ........................ 6**

সংজ্ঞাগুলি ........................ 6

ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য........................ 6

অ্যাক্সেসের অধিকার........................ 6

একের অধিক সন্তানের রেকর্ডগুলি ........................ 6

শিক্ষা সংক্রান্ত রেকর্ডগুলির প্রকার ও অবস্থানের তালিকা........................ 6

ফি........................ 6

পিতামাতার অনুরোধে রেকর্ডগুলির সংশোধন........................ 7

একটি রেকর্ড সংক্রান্ত শুনানির সুযোগ........................ 7

শুনানির পদ্ধতি ........................ 7

শুনানির ফলাফল........................ 7

সুরক্ষাগুলি ........................ 7

তথ্য নষ্ট করা........................ 8

**III. স্টেট অভিযোগ জানানোর পদ্ধতিগুলি (34 CFR §§300.151-153) ........................ 9**

**ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অভিযোগ এবং স্টেট অভিযোগ জানানোর পদ্ধতির মধ্যে পার্থক্য ........................ 9**

**কীভাবে আমি একটি স্টেট অভিযোগ দায়ের করতে পারি? ........................ 9**

স্টেট অভিযোগ জানানোর পদ্ধতি গ্রহণ ........................ 9

ন্যুনতম স্টেট অভিযোগ জানানোর পদ্ধতি ........................ 9

**IV. ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ পদ্ধতি ........................ 11**

**কীভাবে আমি একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অনুরোধ করতে পারি? ........................ 11**

**ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের বিষয়বস্তু ........................ 11**

**সমাধান প্রক্রিয়া ........................ 12**

**V. ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের শুনানি ........................ 14**

**নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি........................ 14**

**শুনানির অধিকার........................ 14**

**শুনানির সিদ্ধান্ত ........................ 15**

**সিদ্ধান্ত; আপিল; নিরপেক্ষ পর্যালোচনার চূড়ান্ত নিষ্পত্তি........................ 15**

**শুনানির সময়সীমা এবং সুযোগ সুবিধা........................ 15**

**দেওয়ানি মামলাগুলি দায়ের করার সময়সীমা সহ সেই মামলাগুলি........................ 16**

**আইনজীবীর ফি ........................ 16**

নমুনা ফর্ম ........ 17

VI. মধ্যস্থতা (34 CFR §300.506) ........ 18
সাধারণ ........ 18
পদ্ধতিগত আবশ্যিকতাগুলি ........ 18
মধ্যস্থতাকারীর নিরপেক্ষতা ........ 18

VII. শিশুর প্লেসমেন্ট সংক্রান্ত মুলতুবির মধ্যস্থতা এবং ন্যায্য পদ্ধতি (34 CFR §300.518) ........ 19
সাধারণ ........ 19

VIII. আমার সন্তানকে শৃঙ্খলা জনিত সমস্যার কারণে স্কুল থেকে বহিষ্কার করা হলে কী হবে? ........ 20
স্কুল কর্মীর অধিকার ........ 20
শৃঙ্খলা জনিত বহিষ্কারের কারণে প্লেসমেন্টের পরিবর্তন ........ 22
সেটিং নিরুপণ ........ 22
আপিল ........ 22
আপিল চলাকালীন প্লেসমেন্ট ........ 23
এখনও পর্যন্ত বিশেষ শিক্ষা ও সেই সংক্রান্ত পরিষেবাগুলির জন্য যোগ্য না হওয়া শিশুদের জন্য সুরক্ষা ........ 23
আইন বলবৎকারী ও বিচারবিভাগীয় কর্তৃপক্ষের কাছে রেফারেল এবং তাদের নেওয়া পদক্ষেপগুলি ........ 24

IX. আমার সন্তানকে, পিতামাতা একটি বেসরকারি স্কুলে ভর্তি করলে, তার জন্য কোন কোন বিশেষ শিক্ষার পরিষেবাগুলি উপলব্ধ? ........ 25
সাধারণ নিয়ম ........ 25
ব্যতিক্রমগুলি ........ 25
ন্যায়সঙ্গত অংশগ্রহণ ........ 26

পরিশিষ্ট A ........ 27
সংস্থানগুলি ........ 27

পরিশিষ্ট B ........ 27
মধ্যস্থতা করার অনুরোধ পত্র ........ 28
ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের বিজ্ঞপ্তি ........ 30

## I. সাধারণ তথ্য

### A. একজন পিতামাতা বলতে কাকে বা কাদের বোঝানো হয়? (34 CFR §300.30)

**কে বা কারা বিশেষ শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে একজন পিতামাতা হিসেবে বিবেচ্য হবেন এই বিভাগটি তা বর্ণনা করে।**

একজন পিতামাতা হলেন একটি শিশুর জন্মগত বা দত্তক নেওয়া পিতামাতা; একজন পালনকারী পিতামাতা; একজন অভিভাবক যার শিশুটির পিতামাতা হওয়ার বা শিশুটির জন্য শিক্ষাসংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার অনুমোদন রয়েছে; একজন ব্যক্তি যিনি জিনগত বা দত্তক নেওয়া পিতামাতার (দাদু দিদিমা, সৎ পিতামাতা, বা অন্য আত্মীয় সহ) বদলে দায়িত্বে রয়েছেন ও যার সাথে শিশুটি বাস করে, অথবা শিশুর কল্যাণের জন্য আইনতভাবে দায়ী একজন ব্যক্তি; বা একজন সারোগেট পিতামাতা।

একজন পিতামাতাকে সনাক্ত না করা গেলে; সরকারি এজেন্সি, যুক্তিসঙ্গত প্রচেষ্টার পরে, পিতামাতাকে খুঁজে না পেলে; শিশুটি পেনসিলভেনিয়ার আইনের অধীনে স্টেটের তত্ত্বাবধানে বাস করলে, বা McKinney-Vento গৃহহীনদের সহায়তা আইন, 42 U.S.C. ধারা 11434a(6) এর সংজ্ঞা অনুসারে একজন সঙ্গীহীন গৃহহীন শিশু হলে অবশ্যই একজন সারোগেট পিতামাতাকে নিযুক্ত করতে হবে। সরকারি এজেন্সিগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সারোগেট পিতামাতা হিসেবে নির্বাচিত ব্যক্তি(রা) যেন SEA, LEA বা শিশুটির শিক্ষা বা যত্নের সাথে জড়িত থাকা অন্য কোনো এজেন্সির কর্মচারী না হন; সারোগেট পিতামাতা হিসেবে শিশুটির যে স্বার্থের জন্য প্রতিনিধিত্ব করছেন সেটি যেন কোনরকমের ব্যক্তিগত বা পেশাদার আগ্রহের সাথে দ্বন্দ্বে না থাকে; এবং তাদের যেন শিশুটির যথাযথ প্রতিনিধিত্ব করা নিশ্চিতকারী জ্ঞান ও দক্ষতা থাকে। সারোগেট পিতামাতা সনাক্তকরণ, মূল্যায়ন, ও শিশুটির শিক্ষাসংক্রান্ত প্লেসমেন্ট এবং শিশুর প্রতি FAPE-এর বিধানের সাথে সম্পর্কিত বিষয়গুলিতে শিশুর প্রতিনিধিত্ব করতে পারবেন। সরকারি এজেন্সিগুলিকে এটি নিশ্চিত করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা করতে হবে যে কোনো সরকারি এজেন্সি শিশুটির একজন সারোগেট পিতামাতার প্রয়োজনীয়তা নির্ধারণ করার 30 দিনের মধ্যে যেন সারোগেট পিতামাতা নিযুক্ত করে।

### B. পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি কী? (34 CFR §300.503)

**একটি স্থানীয় শিক্ষা এজেন্সি (LEA) তার প্রস্তাবিত বা নিতে অস্বীকার করা পদক্ষেপগুলি সম্পর্কে আপনাকে অবশ্যই কী, কীভাবে, এবং কখন বলবে এই বিভাগটি তা ব্যাখ্যা করে।**

1. **বিজ্ঞপ্তি আবশ্যিক হলে**

   আপনার স্থানীয় শিক্ষা এজেন্সি (LEA) - আপনার সন্তানকে একটি বিনামূল্যের উপযুক্ত সরকারি শিক্ষা প্রদান করার জন্য দায়ী সত্তাটিকে - আপনাকে অবশ্যই তখনই লিখিতভাবে জানাতে হবে যখন সেটি:

   a. আপনার সন্তানের সনাক্তকরণ, মূল্যায়ন, বা শিক্ষাসংক্রান্ত প্লেসমেন্ট, কিংবা আপনার সন্তানকে একটি বিনামূল্যের উপযুক্ত সরকারি শিক্ষা (FAPE)-এর বিধান সূচনা করা বা পরিবর্তন করার প্রস্তাব দেবে; <u>অথবা</u>
   b. আপনার সন্তানের সনাক্তকরণ, মূল্যায়ন, বা শিক্ষাসংক্রান্ত প্লেসমেন্ট, কিংবা আপনার সন্তানকে FAPE-এর বিধান সূচনা করা বা পরিবর্তন করতে প্রত্যাখ্যান করবে।
   c. শৃঙ্খলা সংক্রান্ত কারণগুলির জন্য প্লেসমেন্টের পরিবর্তন।
   d. LEA-এর সূচনা করা, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি, বা একটি দ্রুততর করা ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি।
   e. LEA-এর সরকারি ব্যয়ে একটি স্বাধীন শিক্ষাসংক্রান্ত মূল্যায়ন (IEE) এ সম্মত হতে অস্বীকার করা।
   f. বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি প্রত্যাহার।

   পেনসিলভেনিয়াতে, পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি একটি LEA পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি পত্র/সুপারিশকৃত শিক্ষাসংক্রান্ত প্লেসমেন্টের বিজ্ঞপ্তির মাধ্যমে প্রদান করা হয়। আপনাকে এই প্রস্তাব বা প্রত্যাখ্যানের যুক্তিসঙ্গত বিজ্ঞপ্তি দিতে হবে যাতে আপনি LEA-এর সাথে সম্মত না হলে যথাযথ পদক্ষেপ নিতে পারেন। যুক্তিসঙ্গত বিজ্ঞপ্তির মানে হল দশ দিন।

2. **বিজ্ঞপ্তির বিষয়বস্তু**

   **<u>পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তিতে অবশ্যই:</u>**

   1. আপনার LEA যে পদক্ষেপ নেওয়ারপ্রস্তাব বা প্রত্যাখ্যান করছে তার বিবরণ থাকতে হবে;
   2. পিতামাতার বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির জন্য নেওয়া পদক্ষেপের বিবরণ থাকতে হবে;
   3. কেন আপনার LEA পদক্ষেপ নেওয়ার প্রস্তাব দিচ্ছে বা প্রত্যাখ্যান করছে তার ব্যাখ্যা থাকতে হবে;
   4. পদক্ষেপের প্রস্তাব দেওয়া বা প্রত্যাখ্যানের সিদ্ধান্তে আপনার LEA-এর ব্যবহৃত প্রতিটি মূল্যায়ন প্রক্রিয়া, অ্যাসেসমেন্ট, রেকর্ড, বা রিপোর্টের বিবরণ থাকতে হবে;

5. আপনার IDEA-এর পার্ট B-তে পদ্ধতিগত সুরক্ষার অধীনে সুরক্ষার বিধান আছে এরকম একটি বিবৃতিটি অন্তর্ভুক্ত থাকতে হবে;
6. আপনার LEA-এর প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত পদক্ষেপটি মূল্যায়নের একটি প্রারম্ভিক রেফারেল না হলে কীভাবে আপনি পদ্ধতিগত সুরক্ষার বিবরণ পেতে পারেন তা বলতে হবে;
7. IDEA-এর পার্ট B-টি বুঝতে সাহায্য করার জন্য আপনি যাদের সাথে যোগাযোগ করতে পারেন সেগুলি অন্তর্ভুক্ত থাকতে হবে;
8. আপনার সন্তানের IEP টিমের বিবেচনা করা অন্যান্য বিকল্পগুলি এবং কেন সেই বিকল্পগুলি প্রত্যাখ্যান করা হয়েছিল তার কারণগুলির বিবরণ থাকতে হবে; <u>এবং</u>
9. কেন আপনার LEA পদক্ষেপটির প্রস্তাব বা প্রত্যাখ্যান করছে তার অন্যান্য কারণগুলির বিবরণও প্রদান করতে হবে।

**3. বোধগম্য ভাষায় বিজ্ঞপ্তি**

a. বিজ্ঞপ্তিটি অবশ্যই:
   1) সাধারণ জনগণের বোঝার মতো ভাষায় লিখতে হবে; <u>এবং</u>
   2) আপনার মাতৃভাষা বা আপনার ব্যবহার করা যোগাযোগের অন্য মাধ্যমে প্রদান করতে হবে, যদি না এই ব্যবস্থাটি করা স্পষ্টত সম্ভবপর হয়।
   3) আপনার মাতৃভাষা বা যোগাযোগের অন্যান্য মাধ্যমটি কোনো লিখিত ভাষা না হলে, আপনার LEA কে অবশ্যই নিশ্চিত করতে হবে যে:
      a) এই বিজ্ঞপ্তিটি যেন আপনাকে মৌখিকভাবে অথবা আপনার মাতৃভাষায় অন্য কোনো উপায়ে বা যোগাযোগের অন্যান্য মাধ্যমে অনুবাদ করা হয়;
      b) আপনি বিজ্ঞপ্তির বিষয়বস্তুটি বোঝেন; <u>এবং</u>
      c) 1 এবং 2 নং পয়েন্ট যে পূরণ করা হয়েছে তার লিখিত প্রমাণ থাকে।

## C. <u>মাতৃভাষা কী ? (34 CFR §300.29)</u>

1. *মাতৃভাষা*, যখন ইংরেজি ভাষায় সীমিতভাবে সাবলীল কোনো ব্যক্তির সাথে ব্যবহার করা হয়, তখন তার মানেগুলি নিম্নরূপ হয়:
   a. সেই ব্যক্তিটি সেই ভাষাটি সাধারণত ব্যবহার করেন, অথবা, একটি শিশুর ক্ষেত্রে, শিশুর পিতামাতা সেই ভাষাটি সাধারণত ব্যবহার করেন;
   b. শিশুটির সাথে সবরকমের প্রত্যক্ষ যোগাযোগে (শিশুটির মূল্যায়ন সহ), শিশুটি বাসায় বা শিক্ষালাভের পরিবেশে সাধারণত সেই ভাষাটি ব্যবহার করে।

   বধির বা দৃষ্টিশক্তিহীন ব্যক্তি, বা কোনো লিখিত ভাষা নেই এমন কোনো ব্যক্তির ক্ষেত্রে, যোগাযোগের মাধ্যমটি হল সেই ব্যক্তির সাধারণ ভাবে ব্যবহার করা মাধ্যম (যেমন সাংকেতিক ভাষা, ব্রেইল, বা মৌখিকভাবে যোগাযোগ)।

## D. <u>ইলেকট্রনিক মেলের মাধ্যমে বিজ্ঞপ্তি (34 CFR §300.505)</u>

আপনার LEA পিতামাতাকে ইমেলের মাধ্যমে ডকুমেন্ট পাওয়ার প্রস্তাব করলে, আপনি নিম্নলিখিতগুলি ইমেলের মাধ্যমে পাওয়া বেছে নিতে পারেন:

1. পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি;
2. পদ্ধতিগত সুরক্ষার বিজ্ঞপ্তি; <u>এবং</u>
3. একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির বিজ্ঞপ্তি।

## E. <u>পিতামাতার সম্মতি কী? (34 CFR §300.9)</u>

**এই বিভাগটি পিতামাতার অবগত সম্মতি কী এবং আপনাকে কখন তা প্রদান করতে হবে তা ব্যাখ্যা করে, যাতে একটি LEA বিজ্ঞপ্তিতে থাকা প্রস্তাব অনুযায়ী অগ্রসর হতে পারেন।**

**1. পিতামাতার সম্মতি কী?**

*সম্মতি* মানে হল:

a. যে কারণের জন্য আপনার সম্মতি চাওয়া হচ্ছে সেই পদক্ষেপ সম্পর্কে সব তথ্য আপনার মাতৃভাষায় বা যোগাযোগের অন্যান্য উপায়ে (যেমন সাংকেতিক ভাষা, ব্রেইল, বা মৌখিকভাবে) সম্পূর্ণরূপে জানানো হয়েছে;

b. আপনি সেই পদক্ষেপটি বোঝেন ও লিখিতভাবে সম্মতি দেন, এবং সম্মতিতে সেই পদক্ষেপের বর্ণনা করা থাকে ও তাতে প্রকাশ করা রেকর্ডগুলি (আদৌ থেকে থাকলে) ও সেগুলি কার কাছে প্রকাশ করা হবে তার তালিকা দেওয়া রয়েছে; **<u>এবং</u>**

c. আপনি বোঝেন যে এই সম্মতিটি আপনি সম্মতি দেওয়ার পরে ও আপনি তা অপসারণ করার আগে ঘটা কোনো ঘটনাকে অস্বীকার (বাতিল) করে না।

2. **পিতামাতা কি সম্মতিটি প্রত্যাহার করে নিতে পারেন?**

   a. হ্যাঁ। আপনাকে অবশ্যই LEA কর্মীকে বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির জন্য সম্মতি প্রত্যাহার করার লিখিত ডকুমেন্টেশন জমা দিতে হবে;

   b. আপনি বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির জন্য সম্মতি প্রত্যাহার করলে, LEA কে অবশ্যই আপনাকে একটি পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি দিতে হবে;

   c. LEA আপনাকে পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি বন্ধ হবে না;

   d. পূর্ববর্তী বিজ্ঞপ্তি মানে হল দশ ক্যালেন্ডার দিবস;

   e. LEA কর্মী আপনার সম্মতির প্রত্যাহার অগ্রাহ্য করার জন্য মধ্যস্থতা বা ন্যায্য পদ্ধতি ব্যবহার করতে পারবে না;

   f. শিশুটিকে অধিকতর বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি প্রদান করার ব্যর্থতার কারণে LEA যে শিশুর জন্য FAPE উপলব্ধ রাখার প্রয়োজনীয়তাটি লঙ্ঘন করেছে এমনটি বিবেচনা করা হবে না;

   g. LEA কে সম্মতি প্রত্যাহারের কারণে শিশুটির বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি প্রাপ্তির যেকোনো রেফারেন্স অপসারণ করার জন্য শিশুটির শিক্ষাসংক্রান্ত রেকর্ডগুলি সংশোধন করতে হবে না।

   h. LEA কে বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির অধিকতর বন্দোবস্তের জন্য কোনো IEP টিম মিটিং শুরু করতে বা শিশুটির জন্য কোনো IEP তৈরী করতে হবে না।

## F. <u>কখন পিতামাতার সম্মতি প্রয়োজন?</u>

1. **প্রারম্ভিক মূল্যায়ন (34 CFR §300.300)**

   a. সাধারণ নিয়ম: প্রারম্ভিক মূল্যায়নের জন্য সম্মতি

   আপনার LEA আপনাকে প্রথমে পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি না প্রদান করে এবং ***পিতামাতার সম্মতি*** শিরোনামের অধীনে করা বর্ণনায় আপনার সম্মতি না নিয়ে আপনার সন্তান বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি পাওয়ার জন্য IDEA-এর পার্ট B-এর অধীনে যোগ্য কিনা তা নির্ধারণ করতে আপনার সন্তানের একটি প্রারম্ভিক মূল্যায়ন পরিচালনা করতে পারে না।

   আপনার সন্তান একজন প্রতিবন্ধী শিশু কিনা তা নির্ধারণ করার জন্য আপনার LEA কে আপনার অবগত সম্মতি পাওয়ার জন্য অবশ্যই যুক্তিসঙ্গত প্রচেষ্টা করতে হবে। আপনার প্রারম্ভিক মূল্যায়নের জন্য সম্মতির মানে এই নয় যে আপনি LEA কে আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলিও প্রদান করতে শুরু করার সম্মতি দিয়েছেন। আপনার সন্তান সরকারি স্কুলে নথিভুক্ত থাকলে বা আপনি আপনার সন্তানকে সরকারি স্কুলে ভর্তি করার চেষ্টা করছেন এমন হলে এবং আপনি সম্মতি দিতে অস্বীকার করলে বা একটি প্রারম্ভিক মূল্যায়নের জন্য সম্মতি প্রদান করার অনুরোধের উত্তর দিতে ব্যর্থ হলে, আপনার LEA হয়তো, এই ব্যবস্থাগুলি নেওয়ার প্রয়োজনীয়তা না হলেও, আইনের মধ্যস্থতা বা ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ, সমাধানের মিটিং, ও নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির প্রক্রিয়া ব্যবহার করে আপনার সন্তানের একটি প্রারম্ভিক মূল্যায়ন পরিচালনা করতে পারে। আপনার LEA এই পরিস্থিতির অধীনে আপনার সন্তানের মূল্যায়ন করতে না পারলে সেটি আপনার সন্তানের সঠিক অবস্থান খুঁজে বের করা, সনাক্ত ও মূল্যায়ন করার জন্য তার বাধ্যবাধকতাগুলি লঙ্ঘন করবে না।

   b. পেনসিলভেনিয়া আইনের অধীনে স্টেটের তত্ত্বাবধানে থাকা শিশুর

   প্রারম্ভিক মূল্যায়নের জন্য বিশেষ নিয়মাবলী, কোনো শিশু স্টেটের তত্ত্বাবধানে থাকার জন্য নিযুক্ত হলে, পিতামাতার কোনো হদিস জানা না থাকলে বা স্টেটের আইন অনুসারে পিতামাতার অধিকারগুলি অবসান করে দেওয়া হলে সেক্ষেত্রে প্রযোজ্য। সুতরাং, পিতামাতা ছাড়া অন্য কাউকে শিশুটির জন্য শিক্ষাসংক্রান্ত সিদ্ধান্তগুলি নেওয়ার জন্য নিযুক্ত করা হয়েছে। একটি প্রারম্ভিক মূল্যায়নের জন্য সম্মতি, অতএব, সেই নিযুক্ত ব্যক্তি(দে)র থেকে নেওয়া যেতে পারে।

   *স্টেটের তত্ত্বাবধানে থাকা শিশু*, IDEA তে যেভাবে ব্যবহার করা হয়েছে, আরো দুটি শ্রেণীকে বোঝায়, যাতে সেই শিশুকে অন্তর্ভুক্ত করা যেতে পারে যে:

   1. কোনো পালিত পিতামাতা না থাকা একটি পালিত শিশু;
   2. স্টেটের আইন অনুযায়ী স্টেটের তত্ত্বাবধানে থাকা শিশু হিসেবে বিবেচিত; **<u>অথবা</u>**
   3. কোনো সরকারি শিশু কল্যাণ এজেন্সির হেফাজতে রয়েছে।

2. **বিশেষ শিক্ষায় প্রারম্ভিক প্লেসমেন্টের জন্য সম্মতি (34 CFR §300.300)**

*পরিষেবাগুলির জন্য পিতামাতার সম্মতি*

আপনার LEA প্রথমবারের জন্য আপনার শিশুর বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি প্রদান করার আগে তাকে অবশ্যই আপনার অবগত সম্মতি নিতে হবে। LEA আপনার সন্তানের জন্য প্রথমবার বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি প্রদান করার আগে আপনার অবগত সম্মতি নেওয়ার যুক্তিসঙ্গত প্রচেষ্টা করতে হবে।

**আপনি প্রথমবারে আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির জন্য সম্মতি প্রদানের অনুরোধের উত্তর না দিলে, অথবা আপনি এই ধরনের সম্মতি দিতে অস্বীকার করলে, আপনার LEA হয়তো সম্মতি পাওয়া বা আপনার সন্তানের IEP টিমের সুপারিশ অনুসারে বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি আপনার সম্মতি ছাড়াই আপনার সন্তানকে প্রদান করা হবে এমন একটি রায় পাওয়ার উদ্দেশ্যে পদ্ধতিগত সুরক্ষাগুলি (অর্থাৎ, মধ্যস্থতা, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ, সমাধানের মিটিং, বা একটি নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি) ব্যবহার নাও করতে পারে।**

আপনি আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি পাওয়া শুরু করার সম্মতি দিতে অস্বীকার করলে, বা আপনি এইধরনের সম্মতি প্রদানের অনুরোধের উত্তর না দিলে এবং LEA যে বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির জন্য আপনার সম্মতি চাইছে সেগুলি আপনার সন্তানকে প্রদান না করলে, আপনার LEA:

1. আপনার সন্তানকে এই পরিষেবাগুলি প্রদান করার ব্যর্থতার জন্য আপনার সন্তানের কাছে FAPE উপলব্ধ করার প্রয়োজনীয়তাকে লঙ্ঘন করে না; **এবং**

2. যে বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির জন্য আপনার সম্মতির অনুরোধ করা হয়েছিল তার জন্য কোনো IEP মিটিং ডাকা বা আপনার সন্তানের জন্য কোনো IEP তৈরী করার প্রয়োজনীয়তা নেই।

3. **পুনর্মূল্যায়নের জন্য সম্মতি (34 CFR §300.300)**

*আপনার LEA আপনার সন্তানকে পুনর্মূল্যায়ন করার আগে তাকে অবশ্যই আপনার অবগত সম্মতি নিতে হবে, যদি না আপনার LEA নির্ধারণ করে যে:*

1. তারা আপনার সন্তানের পুনর্মূল্যায়নের জন্য আপনার সম্মতি পেতে যুক্তিসঙ্গত পদক্ষেপগুলি নিয়েছিল; **এবং**
2. আপনি উত্তর দেন নি।

4. **পিতামাতার সম্মতি পাওয়ার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টার নথিপত্র প্রদর্শন কী? (34 CFR §300.300)** আপনার LEA কে অবশ্যই প্রারম্ভিক মূল্যায়নের জন্য পিতামাতার সম্মতি পাওয়া, প্রথমবারের জন্য বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি দেওয়া, পুনর্মূল্যায়ন করা এবং প্রারম্ভিক মূল্যায়নের জন্য স্টেটের তত্বাবধানে থাকা শিশুর পিতামাতাকে খুঁজে বের করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টার নথিপত্র রক্ষণাবেক্ষণ করতে হবে। নথিপত্রতে অবশ্যই এই ক্ষেত্রগুলিতে LEA-এর প্রচেষ্টাগুলির একটি প্রমাণ অন্তর্ভুক্ত থাকতে হবে, যেমন:
   1. টেলিফোন কল বা কল করার চেষ্টা এবং সেই কলের ফলাফলগুলির বিস্তারিত রেকর্ড;
   2. পিতামাতাদের পাঠানো চিঠিপত্রের প্রতিলিপিগুলি ও তাদের থেকে প্রাপ্ত উত্তরগুলি; **এবং**
   3. পিতামাতার বাসা বা চাকরির জায়গায় ভিজিট করা এবং সেইসব ভিজিটগুলির পরিণামের বিস্তারিত রেকর্ড।

5. **কখন মূল্যায়ন সম্পর্কিত সম্মতির প্রয়োজন নেই? আপনার LEA নিম্নলিখিতগুলি করার আগে আপনার সম্মতির প্রয়োজন নেই:**
   1. আপনার সন্তানের মূল্যায়ন বা পুনর্মূল্যায়নের অংশ হিসেবে বিদ্যমান ডেটা পর্যালোচনা করা; **অথবা**
   2. আপনার সন্তানকে এমন একটি পরীক্ষা বা অন্যান্য মূল্যায়ন করতে দেওয়া যা সকল শিশুদেরই দেওয়া হয় যদি না, সেই পরীক্ষা বা মূল্যায়নের আগে, সেই সকল শিশুদের সকল পিতামাতাদের থেকে সম্মতির প্রয়োজন হয়।

6. **আমি পুনর্মূল্যায়নের জন্য সম্মতি দিতে অস্বীকার করলে কি হবে?**

আপনি আপনার সন্তানের পুনর্মূল্যায়ন করার জন্য সম্মতি দিতে অস্বীকার করলে, LEA হয়তো, আপনার সন্তানের পুনর্মূল্যায়ন করার জন্য আপনার সম্মতি দেওয়া অস্বীকার করাকে অগ্রাহ্য করার চেষ্টা করতে মধ্যস্থতা, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ, সমাধানের মিটিং, এবং নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি প্রক্রিয়া ব্যবহার করে আপনার সন্তানের পুনর্মূল্যায়ন করতে পারে, কিন্তু এটি করা বাধ্যতামূলক নয়। প্রারম্ভিক মূল্যায়নগুলির মতোই, আপনার LEA এইভাবে পুনর্মূল্যায়ন সম্পন্ন করা প্রত্যাখ্যান করলে সেটি IDEA-এর পার্ট B-এর অধীনে তার বাধ্যবাধকতাগুলি লঙ্ঘন করে না।

আপনার LEA আপনার কোনো একটি পরিষেবা বা ক্রিয়াকলাপে সম্মতি দিতে অস্বীকার করার জন্য আপনাকে বা আপনার সন্তানকে অন্য কোনো পরিষেবা, সুবিধা, বা ক্রিয়াকলাপ প্রত্যাখ্যান নাও করতে পারে।

আপনি নিজের খরচে আপনার শিশুকে একটি বেসরকারি স্কুলে ভর্তি করলে অথবা আপনি আপনার সন্তানকে বাসায় পড়াশোনা করালে, এবং আপনি আপনার সন্তানের প্রারম্ভিক মূল্যায়ন বা পুনর্মূল্যায়নের জন্য সম্মতি প্রদান না করলে, অথবা আপনি আপনার সম্মতি প্রদান করার অনুরোধের উত্তর দিতে ব্যর্থ হলে, LEA হয়তো তার সম্মতি অগ্রাহ্য করার প্রক্রিয়াকে ব্যবহার নাও করতে পারে (অর্থাৎ, মধ্যস্থতা, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ, সমাধানের মিটিং, বা নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি প্রক্রিয়া) এবং তার আপনার সন্তানের ন্যায়সঙ্গত পরিষেবাগুলি (পিতামাতার দ্বারা বেসরকারি স্কুলে ভর্তি করা প্রতিবন্ধী শিশুদের জন্য উপলব্ধ পরিষেবাগুলি) পাওয়ার জন্য যোগ্য হিসেবে বিবেচনা করার আবশ্যকতা নেই।

7. **আমি একটি মূল্যায়নের সাথে সম্মত না হলে কি হবে?**

   a. **স্বতন্ত্র শিক্ষাসংক্রান্ত মূল্যায়ন (34 CFR §300.502)**

      1) **সাধারণ**

         নিচের বর্ণনা অনুসারে, আপনি আপনার LEA-এর সম্পন্ন করা আপনার সন্তানের মূল্যায়নের সাথে অসম্মত হলে আপনার কাছে আপনার সন্তানের একটি স্বতন্ত্র শিক্ষাসংক্রান্ত মূল্যায়ন (IEE) পাওয়ার অধিকার আছে। আপনি একটি IEE-এর অনুরোধ করলে, LEA কে অবশ্যই কোথায় আপনি IEE পেতে পারেন এবং IEEগুলির জন্য LEA-এর কোন মানদণ্ডগুলি প্রযোজ্য সেই সম্পর্কে আপনাকে তথ্য দিতে হবে।

      2) **সংজ্ঞাগুলি**

         a) *স্বতন্ত্র শিক্ষাসংক্রান্ত মূল্যায়নের* মানে হল এমন একজন যোগ্য পরীক্ষকের দ্বারা একটি মূল্যায়ন পরিচালনা করা যিনি আপনার সন্তানের শিক্ষার জন্য দায়ী LEA দ্বারা নিযুক্ত নন।

         b) *সরকারী ব্যয়ের* মানে হল LEA কে হয় মূল্যায়নের পুরো খরচ প্রদান করতে হবে নয়তো নিশ্চিত করতে হবে যে মূল্যায়নটি যেন অন্যথায়, IDEA-এর পার্ট B এর বিধান অনুযায়ী, আপনাকে বিনামূল্যে প্রদান করা হয়, এই বিধান প্রতিটি স্টেটকে আইনের পার্ট B-এর আবশ্যিকতাগুলি পূরণ করতে সেই স্টেটে উপলব্ধ স্টেট, স্থানীয়, ফেডারেল ও বেসরকারি যেকোনো সহায়তার উৎসগুলি ব্যবহার করার অনুমতি দেয়।

      3) **সরকারি ব্যয়ে মূল্যায়ন করার জন্য পিতামাতার অধিকার**

         আপনি আপনার LEA-এর সম্পন্ন করা আপনার সন্তানের একটি মূল্যায়নের সাথে অসম্মত হলে সরকারি ব্যয়ে আপনার সন্তানের একটি IEE করার অধিকার আপনার আছে, তবে তা নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষ:

         a) আপনি সরকারি ব্যয়ে আপনার সন্তানের জন্য একটি IEE করার অনুরোধ জানালে, আপনার LEA কে অবশ্যই, অহেতুক বিলম্ব না করে, হয়: (a) তার সম্পন্ন করা আপনার সন্তানের মূল্যায়নটি যে যথাযথ তা দেখানোর জন্য একটি শুনানির অনুরোধ করতে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করতে হবে; নয়তো (b) LEA একটি শুনানিতে আপনার সন্তানের জন্য আপনার সম্পন্ন করা মূল্যায়নটি LEA-এর মানদণ্ড পূরণ করেনি এমনটি প্রদর্শন না করতে পারলে, সরকারি ব্যয়ে IEE প্রদান করতে হবে।

         b) আপনার LEA একটি শুনানির অনুরোধ করলে এবং চূড়ান্ত সিদ্ধান্ত যদি এমন হয় যে LEA-এর করা আপনার সন্তানের মূল্যায়নটি যথাযথ, তাহলে আপনার তখনও একটি IEE-এর অধিকার আছে, তবে তা সরকারি ব্যয়ে নয়।

         c) আপনি আপনার সন্তানের একটি IEE-এর অনুরোধ জানালে, LEA হয়তো আপনাকে জিজ্ঞাসা করতে পারে কেন আপনি LEA-এর করা আপনার সন্তানের মূল্যায়নের আপত্তি করছেন। তবে, LEA-এর হয়তো কোনো ব্যাখ্যার প্রয়োজন নাও হতে পারে এবং হয় সরকারি ব্যয়ে আপনার সন্তানের IEE প্রদান করা নয়তো LEA-এর করা আপনার সন্তানের মূল্যায়নটির পক্ষ সমর্থন করতে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির জন্য ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করায় অযথা বিলম্ব নাও করতে পারে।

         d) আপনার LEA-এর করা আপনার সন্তানের মূল্যায়নের সাথে আপনি প্রতিবার যখনই অসম্মত হবেন তখনই সরকারি ব্যয়ে আপনার সন্তানের শুধুমাত্র একটি IEE-এর অধিকার আপনার আছে।

         e) LEA মানদণ্ড

            সরকারি ব্যয়ে একটি IEE করা হলে, যে মানদণ্ডের অধীনে মূল্যায়নটি করতে হবে সেটি, মূল্যায়নের অবস্থান ও পরীক্ষকের যোগ্যতা সহ, অবশ্যই LEA যখন একটি মূল্যায়নের সূচনা করে সেই মানদণ্ডের সমান হতে হবে (যতটা সম্ভব আপনার একটি IEE-এর অধিকারের সাথে সামঞ্জস্য রেখে)।

            উপরে বর্ণনা করা মানদণ্ড ছাড়া, LEA হয়তো সরকারি খরচে একটি IEE করার সাথে সম্পর্কিত শর্তাবলী বা সময়সীমা আরোপিত নাও করতে পারে।

   b. **পিতামাতার সূচনা করা মূল্যায়ন**

আপনি সরকারি ব্যয়ে আপনার সন্তানের একটি IEE করলে বা আপনি সরকারি ব্যয়ে করা আপনার সন্তানের একটি মূল্যায়ন LEA-এর সাথে শেয়ার করলে:

1) আপনার LEA কে অবশ্যই আপনার সন্তানের মূল্যায়নটির ফলাফল বিবেচনা করতে হবে, সেটি আপনার সন্তানের জন্য FAPE-এর বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ যেকোনো সিদ্ধান্তে, IEEগুলির জন্য LEA-এর মানদণ্ড পূরণ করলে; এবং
2) আপনি বা আপনার LEA আপনার সন্তানের সাথে সম্পর্কিত একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানিতে প্রমাণস্বরূপ মূল্যায়নটিকে পেশ করতে পারেন।

**c. শুনানি আধিকারিকের দ্বারা মূল্যায়নের জন্য অনুরোধ**

একজন শুনানির আধিকারিক একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অংশ হিসেবে আপনার সন্তানের একটি IEE-এর অনুরোধ করলে, সেই মূল্যায়নের খরচ সরকারি ব্যয়ে করতে হবে।

## G. ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য প্রকাশের সম্মতি (34 CFR §300.622)

তথ্যটি শিক্ষার রেকর্ডগুলিতে না থাকলে, এবং FERPA-এর অধীনে পিতামাতার সম্মতি ছাড়া প্রকাশ করার অনুমোদন না দেওয়া হলে, ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য অংশগ্রহণকারী এজেন্সিগুলির আধিকারিকদের ছাড়া অন্য কোনো পক্ষের কাছে প্রকাশ করার আগে অবশ্যই আপনার সম্মতি নিতে হবে। নিচে নির্দিষ্ট করা পরিস্থিতিগুলি ব্যতীত, IDEA-এর পার্ট B-এর আবশ্যিকতা পূরণ করার উদ্দেশ্যে অংশগ্রহণকারী এজেন্সিগুলির আধিকারিকদের কাছে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য প্রকাশ করার আগে আপনার সম্মতির প্রয়োজন নেই।

আপনার, বা স্টেটের আইন অনুযায়ী প্রাপ্তবয়স্ক হওয়া একজন যোগ্য শিশুর সম্মতি, ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য স্থানান্তর পরিষেবার জন্য প্রদানকারী বা অর্থ দেওয়া অংশগ্রহণকারী এজেন্সিগুলির আধিকারিকদের কাছে প্রকাশ করার আগে অবশ্যই নিতে হবে।

আপনার সন্তান এমন একটি বেসরকারি স্কুলে যাচ্ছে, বা যাওয়া শুরু করবে যেটি আপনি যেখানে বাস করেন সেই একই জায়গায় অবস্থিত না হলে, আপনার সন্তান সম্পর্কে যেকোনো ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য যে জায়গায় বেসরকারি স্কুলটি অবস্থিত সেখানকার LEA এবং আপনি যেখানে বাস করেন সেখানকার LEA-এর আধিকারিকদের মধ্যে প্রকাশ করার আগে অবশ্যই আপনার সম্মতি নিতে হবে।

## A. কার কাছে আপনার সন্তানের সাথে সম্পর্কিত গোপনীয় তথ্যের অ্যাক্সেস আছে? (34 CFR §300.611)

1. **গোপনীয় তথ্যের সাথে সম্পর্কিত, নিম্নলিখিত সংজ্ঞাগুলি প্রযোজ্য:**

   a. *নষ্ট করে দেওয়ার* মানে হল তথ্য থেকে ব্যক্তিগত সনাক্তকারী তথ্য হাতে করে নষ্ট করে দেওয়া বা সরিয়ে ফেলা যাতে সেই তথ্য থেকে ব্যক্তিগতভাবে সনাক্ত না করা যেতে পারে।

   b. *শিক্ষার রেকর্ডের* মানে হল 34 CFR পার্ট 99 (1974 সালের পারিবারিক শিক্ষার অধিকার ও গোপনীয়তা আইন (Family Educational Rights and Privacy Act, FERPA) 20 U.S.C 1232g-এ কার্যকর করা আইনগুলি)-তে "শিক্ষার রেকর্ড" সংজ্ঞার অধীনে যে ধরনের রেকর্ড আওতাভুক্ত করা আছে সেগুলি।

   c. *অংশগ্রহণকারী এজেন্সিগুলির* মানে হল IDEA-এর পার্ট B-এর অধীনে, যেকোনো LEA, এজেন্সি বা প্রতিষ্ঠান যা ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য সংগ্রহ করে, বজায় রাখে, বা ব্যবহার করে, অথবা যার থেকে পাওয়া যায়।

   d. ***ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য (34 CFR §300.32)*** *এর মানে হল সেইসব তথ্য যাতে:*

      1) আপনার সন্তানের নাম, পিতামাতা হিসেবে আপনার নাম, বা অন্য কোনো পরিবারের সদস্যের নাম রয়েছে;
      2) আপনার সন্তানের ঠিকানা রয়েছে;
      3) কোনো ব্যক্তিগতভাবে সনাক্তকারী তথ্য, যেমন আপনার সন্তানের সোশাল সিকিউরিটি নম্বর বা শিক্ষার্থী নম্বর রয়েছে; **অথবা**
      4) এমন ব্যক্তিগত গুণাবলী বা অন্যান্য তথ্যের তালিকা রয়েছে যার থেকে যুক্তিসঙ্গত নিশ্চয়তার সাথে আপনার সন্তানকে সনাক্ত করা সম্ভব।

2. **অ্যাক্সেসের অধিকার (34 CFR §300.613)**

   a. **পিতামাতার অ্যাক্সেস**

   LEA কে অবশ্যই IDEA-এর পার্ট B-এর অধীনে আপনার LEA-এর সংগ্রহ করা, রক্ষণাবেক্ষণ করা, বা ব্যবহার করা আপনার সন্তানের শিক্ষার যেকোনো রেকর্ড নিরীক্ষণ ও পর্যালোচনা করার অনুমতি আপনাকে দিতে হবে। অংশগ্রহণকারী এজেন্সিকে অবশ্যই অহেতুক বিলম্ব না করে অথবা একটি IEP সংক্রান্ত কোনো মিটিং, বা কোনো নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির (একটি সমাধানের মিটিং বা একটি নিয়মানুবর্তিতা সংক্রান্ত শুনানি সহ) আগে আপনার সন্তানের শিক্ষার যেকোনো রেকর্ড নিরীক্ষণ ও পর্যালোচনা করার আপনার অনুরোধটি মেনে চলতে হবে, এবং আপনার অনুরোধ করার 45 ক্যালেন্ডার দিবসের মধ্যেই তা করতে হবে।

      1) আপনার শিক্ষার রেকর্ড নিরীক্ষণ ও পর্যালোচনা করার অধিকারের মধ্যে আছে:
      2) আপনার কোনো অংশগ্রহণকারী এজেন্সির থেকে রেকর্ডের ব্যাখ্যা ও মানে বের করার জন্য আপনার যুক্তিসঙ্গত অনুরোধের উত্তর পাওয়ার অধিকার;
      3) আপনি রেকর্ডের প্রতিলিপি না পেলে সেগুলি কার্যকরভাবে নিরীক্ষণ ও পর্যালোচনা না করতে পারলে অংশগ্রহণকারী সংস্থার কাছে সেই রেকর্ডের প্রতিলিপিগুলি প্রদান করার অনুরোধ জানানোর আপনার অধিকার; **এবং**
      4) আপনার প্রতিনিধিকে দিয়ে রেকর্ড নিরীক্ষণ ও পর্যালোচনা করার আপনার অধিকার।

         a) অংশগ্রহণকারী এজেন্সি, প্রযোজ্য স্টেট আইনের কর্তৃত্বের অধীনে অভিভাবকত্ব, বা পৃথক থাকা ও বিবাহবিচ্ছেদের মতো আইনে আপনার অধিকার নেই এমনটি না বলা পর্যন্ত, এমনটি ধরে নেবে যে আপনার সন্তানের রেকর্ড নিরীক্ষণ ও পর্যালোচনা করার অধিকার আপনার আছে।
         b) কোনো শিক্ষার **রেকর্ডে একাধিক শিশুর তথ্য অন্তর্ভুক্ত থাকলে**, সেই শিশুদের পিতামাতার শুধু তাদের সন্তানের সাথে সম্পর্কিত তথ্য নিরীক্ষণ ও পর্যালোচনা করা বা সেই নির্দিষ্ট তথ্য জানার অধিকার আছে।
         c) অনুরোধ করলে, প্রতিটি অংশগ্রহণকারী এজেন্সিকে আপনাকে অবশ্যই এজেন্সির সংগ্রহ করা, রক্ষণাবেক্ষণ করা, বা ব্যবহার করা **শিক্ষার তথ্যের প্রকার ও অবস্থানের তালিকা** প্রদান করতে হবে।

   b. **অন্যান্য অনুমোদিত অ্যাক্সেস (34 CFR §300.614)**

   প্রতিটি অংশগ্রহণকারী এজেন্সিকে অবশ্যই IDEA-এর পার্ট B-এর অধীনে সংগ্রহ করা, রক্ষণাবেক্ষণ করা, বা ব্যবহার করা শিক্ষার রেকর্ড অ্যাক্সেস করা পক্ষগুলির (পিতামাতা এবং অংশগ্রহণকারী এজেন্সির অনুমোদিত কর্মচারীরা ছাড়া), পক্ষগুলির নাম, অ্যাক্সেস দেওয়ার তারিখ, ও যে উদ্দেশ্যে সেই পক্ষকে রেকর্ড ব্যবহার করার অনুমোদন দেওয়া হয়েছে সেটি সহ, তাদের হিসাব রাখতে হবে।

3. **ফি**

প্রতিটি অংশগ্রহণকারী এজেন্সি IDEA-এর পার্ট B-এর অধীনে আপনার জন্য তৈরী করা রেকর্ডের প্রতিলিপিগুলির (34 CFR §300.617) জন্য একটি ফি চাইতে পারে, এই ফি আপনাকে কার্যকরভাবে সেইসব রেকর্ড নিরীক্ষণ ও পর্যালোচনা করার আপনার অধিকার প্রয়োগ করা থেকে বিরত না করলে।

একটি অংশগ্রহণকারী এজেন্সি IDEA-এর পার্ট B-এর অধীনে তথ্য অনুসন্ধান করা বা বের করে আনার জন্য ফি নাও চাইতে পারে।

4. **পিতামাতার অনুরোধে রেকর্ড সংশোধন (34 CFR §300.618)**

আপনি যদি মনে করেন যে IDEA-এর পার্ট B-এর অধীনে সংগ্রহ করা, রক্ষণাবেক্ষণ করা, বা ব্যবহার করা আপনার সন্তানের শিক্ষার রেকর্ড ভুল, বিভ্রান্তিকর, অথবা আপনার সন্তানের গোপনীয়তা বা অন্যান্য অধিকারগুলিকে লঙ্ঘন করে, তাহলে আপনি সেই তথ্য রক্ষণাবেক্ষণ করা অংশগ্রহণকারী এজেন্সিকে তথ্য পরিবর্তন করার অনুরোধ জানাতে পারেন।

অংশগ্রহণকারী এজেন্সিকে অবশ্যই আপনার অনুরোধ পাওয়ার একটি যুক্তিসঙ্গত সময়সীমার ভিতরে আপনার অনুরোধ অনুযায়ী তথ্য পরিবর্তন করবে কিনা সেই সিদ্ধান্ত নিতে হবে।

অংশগ্রহণকারী এজেন্সি আপনার অনুরোধ অনুযায়ী তথ্য পরিবর্তন করতে অস্বীকার করলে, তাদের আপনাকে সেটি জানাতে হবে এবং এই উদ্দেশ্যে আপনার একটি ন্যায্য শুনানির অধিকারের পরামর্শ দিতে হবে।

5. **একটি রেকর্ড সংক্রান্ত শুনানির সুযোগ (34 CFR §300.619)**

LEA কে অবশ্যই, অনুরোধ করা হলে, আপনাকে আপনার সন্তানের শিক্ষার রেকর্ড যে ভুল, বিভ্রান্তিকর, বা অন্যথায় আপনার সন্তানের গোপনীয়তা বা অন্যান্য অধিকারগুলির লঙ্ঘন নয় তা নিশ্চিত করার জন্য সেই রেকর্ডে থাকা তথ্য চ্যালেঞ্জ করতে একটি শুনানির সুযোগ প্রদান করতে হবে।

a. **শুনানির প্রক্রিয়া (34 CFR §300.621)**

শিক্ষার রেকর্ডে থাকা তথ্যকে চ্যালেঞ্জ করার জন্য একটি শুনানিকে অবশ্যই 1974 সালের পারিবারিক শিক্ষা অধিকার ও গোপনীয়তা আইন, 20 U.S.C ধারা 1233g (FERPA)-এর অধীনে এইধরনের শুনানির জন্য নিম্নলিখিত প্রক্রিয়াগুলি অনুযায়ী পরিচালনা করতে হবে:

1) শিক্ষামূলক এজেন্সি বা প্রতিষ্ঠানকে তাদের পিতামাতা বা যোগ্য শিক্ষার্থীর থেকে শুনানির জন্য অনুরোধ পাওয়ার পরে যুক্তিসঙ্গত সময়ের ভিতরে একটি শুনানির বন্দোবস্ত করতে হবে।
2) শিক্ষামূলক এজেন্সি বা প্রতিষ্ঠানকে পিতামাতা বা যোগ্য শিক্ষার্থীকে শুনানির যুক্তিসঙ্গত সময়ের আগে শুনানির তারিখ, সময়, ও স্থান জানাতে হবে।
3) শুনানির পরিণতিতে প্রত্যক্ষ আগ্রহ না থাকা শিক্ষামূলক এজেন্সি বা প্রতিষ্ঠানের একজন আধিকারিক সহ, যেকোনো ব্যক্তি শুনানিটি পরিচালনা করতে পারেন।
4) শিক্ষামূলক এজেন্সি বা প্রতিষ্ঠানকে পিতামাতা বা যোগ্য শিক্ষার্থীকে শিক্ষার্থীর শিক্ষার রেকর্ডে থাকা বিষয়বস্তুকে চ্যালেঞ্জ জানানোর প্রমাণ পেশ করার জন্য একটি সম্পূর্ণ ও পক্ষপাতহীন সুযোগ দিতে হবে এই কারণের ভিত্তিতে যে শিক্ষার রেকর্ডে থাকা তথ্য ভুল, বিভ্রান্তিকর, বা শিক্ষার্থীর গোপনীয়তার অধিকারকে লঙ্ঘন করে। পিতামাতা বা যোগ্য শিক্ষার্থী, তাদের নিজের খরচে, একজন আইনজীবী সহ, তাদের নিজেদের পছন্দের এক বা একাধিক ব্যক্তির সহায়তা বা প্রতিনিধিত্ব নিতে পারেন।
5) শিক্ষামূলক এজেন্সি বা প্রতিষ্ঠানকে শুনানির পরে তাদের সিদ্ধান্ত একটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে জানাতে হবে।
6) সিদ্ধান্তটিকে অবশ্যই শুধুমাত্র শুনানিতে পেশ করা প্রমাণের উপরই ভিত্তি করে নিতে হবে, এবং তাতে অবশ্যই প্রমাণের ও সিদ্ধান্তের কারণগুলির একটি সারাংশ থাকতে হবে।

b. **শুনানির ফলাফল (34 CFR §300.620)**

যদি, শুনানির ফলস্বরূপ, অংশগ্রহণকারী এজেন্সি সিদ্ধান্ত নেয় যে তথ্য ভুল, বিভ্রান্তিকর, অথবা অন্যথায় শিশুটির গোপনীয়তা বা অন্যান্য অধিকারগুলিকে লঙ্ঘন করে, তাহলে তাদের অবশ্যই সেই অনুযায়ী তথ্য পরিবর্তন করতে এবং আপনাকে লিখিতভাবে জানাতে হবে। যদি, শুনানির ফলস্বরূপ, অংশগ্রহণকারী এজেন্সি সিদ্ধান্ত নেয় যে তথ্য ভুল, বিভ্রান্তিকর নয়, অথবা অন্যথায় শিশুটির গোপনীয়তা বা অন্যান্য অধিকারগুলিকে লঙ্ঘন করে না, তাহলে আপনি আপনার সন্তানের রেকর্ডে রক্ষণাবেক্ষণ করা তথ্যের উপর মন্তব্য করে বা অংশগ্রহণকারী এজেন্সির সিদ্ধান্তের সাথে আপনার অসম্মত হওয়ার যেকোনো কারণ প্রদান করে একটি বিবৃতি রাখতে পারেন।

আপনার সন্তানের রেকর্ডে থাকা এইধরনের ব্যাখ্যাকে অবশ্যই:

1. রেকর্ড বা বিবাদে থাকা অংশটি যতদিন পর্যন্ত অংশগ্রহণকারী এজেন্সির দ্বারা রক্ষণাবেক্ষণ করা হবে ততদিন আপনার সন্তানের রেকর্ডের অংশ হিসেবে সেটিকে অংশগ্রহণকারী এজেন্সিকে রক্ষণাবেক্ষণ করতে হবে; <u>এবং</u>
2. অংশগ্রহণকারী এজেন্সি আপনার সন্তানের রেকর্ড বা চ্যালেঞ্জ জানানো অংশটি অন্য কোনো পক্ষের কাছে প্রকাশ করলে, সেই পক্ষের কাছে তার ব্যাখ্যাও প্রকাশ করতে হবে।

c. **সুরক্ষাগুলি (34 CFR §300.623)**

<u>প্রতিটি অংশগ্রহণকারী এজেন্সিকে অবশ্যই সংগ্রহ করা, সংরক্ষণে রাখা, প্রকাশ, এবং নষ্ট করার পর্যায়ে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা রক্ষা করতে হবে।</u>

প্রতিটি অংশগ্রহণকারী এজেন্সিতে একজন আধিকারিককে অবশ্যই যেকোনো ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা নিশ্চিত করার দায়িত্ব নিতে হবে।

ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য সংগ্রহকারী বা ব্যবহারকারী সকল ব্যক্তিদের অবশ্যই IDEA-এর পার্ট B ও FERPA অনুযায়ী গোপনীয়তা সংক্রান্ত আপনার স্টেটের নীতি ও প্রক্রিয়াগুলির সাথে সম্পর্কিত প্রশিক্ষণ বা নির্দেশিকা পেতে হবে।

প্রতিটি অংশগ্রহণকারী এজেন্সিকে অবশ্যই, জনসাধারণের নিরীক্ষণের জন্য, এজেন্সির ভিতরের সেইসব কর্মচারীদের নাম ও পদের একটি বর্তমান তালিকা রাখতে হবে যাদের ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্যে অ্যাক্সেস আছে।

6. **তথ্য নষ্ট করা (34 CFR §300.624)**

<u>আপনার LEA কে সংগ্রহ করা, রক্ষণাবেক্ষণ করা, বা ব্যবহার করা ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য আপনার সন্তানের জন্য আর শিক্ষামূলক পরিষেবা প্রদান করার প্রয়োজন না হলে আপনাকে তা জানাতে হবে, এবং আপনার অনুরোধে তা নষ্ট করে দিতে হবে।</u>

**তবে, আপনার সন্তানের নাম, ঠিকানা ও ফোন নম্বর, তার গ্রেড, উপস্থিতির রেকর্ড, উপস্থিত থাকা ক্লাসগুলি, সম্পূর্ণ করা গ্রেড স্তর, এবং সম্পূর্ণ করা বছরের একটি স্থায়ী রেকর্ড কোনো সময়সীমা ছাড়াই রেখে দেওয়া হতে পারে।**

## III. স্টেট অভিযোগ জানানোর পদ্ধতিগুলি (34 CFR §§300.151-153)

### A. ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অভিযোগ এবং স্টেট অভিযোগ জানানোর পদ্ধতির মধ্যে পার্থক্য

IDEA-এর পার্ট B-এর নিয়মগুলি স্টেটের অভিযোগ জানানোর পদ্ধতি এবং ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ ও শুনানির জন্য পৃথক প্রক্রিয়ার বর্ণনা করে। নিচের ব্যাখ্যা অনুযায়ী, যেকোনো ব্যক্তি বা সংস্থা LEA, স্টেট এডুকেশনাল এজেন্সি, বা অন্য কোনো সরকারি এজেন্সির দ্বারা পার্ট B-এর যেকোনো প্রয়োজনীয়তা লঙ্ঘন করার অভিযোগ দেখিয়ে একটি স্টেট অভিযোগ দায়ের করতে পারে। শুধুমাত্র আপনি বা কোনো LEA প্রতিবন্ধী শিশুর সনাক্তকরণ, মূল্যায়ন বা শিক্ষাসংক্রান্ত প্লেসমেন্ট, অথবা শিশুর জন্য FAPE-এর বিধান সূচনা বা পরিবর্তন করার প্রস্তাব বা প্রত্যাখ্যানের সাথে সম্পর্কিত যেকোনো বিষয়ে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করতে পারেন। যদিও স্টেট এডুকেশনাল এজেন্সির কর্মীকে সাধারণত একটি স্টেট অভিযোগ পাওয়ার 60-ক্যালেন্ডার দিবসের মধ্যে সমাধান করতে হবে, যদি না সেই সময়সীমাকে যথাযথভাবে বাড়ানো হয়, একজন নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি আধিকারিককে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ শুনতে হবে (একটি সমাধানের মিটিং বা মধ্যস্থতার মাধ্যমে সমাধান না করা গেলে) এবং সমাধান দেওয়ার সময়সীমা শেষ হওয়ার পরে 45-ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি লিখিত সিদ্ধান্ত জারি করতে হবে, যেমনটি এই রেকর্ডের সমাধান প্রক্রিয়ার অধীনে বর্ণনা করা আছে, যদি না শুনানি আধিকারিক আপনার বা LEA-এর অনুরোধে সময়সীমা একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত বাড়ানোর অনুমতি দেন। স্টেট অভিযোগ বা ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ, সমাধান ও শুনানি প্রক্রিয়াগুলি নিচে আরো বিস্তারিতভাবে বর্ণনা করা আছে।

### B. কীভাবে আমি একটি স্টেট অভিযোগ দায়ের করতে পারি? (34 CFR §300.153)

কোনো সংস্থা বা ব্যক্তি একটি স্বাক্ষর করা লিখিত স্টেট অভিযোগ দায়ের করতে পারেন।

স্টেট অভিযোগে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে:

1. একটি LEA বা অন্য কোনো সরকারি এজেন্সি IDEA-এর পার্ট B-এর আবশ্যিকতা বা তার নিয়মগুলি লঙ্ঘন করেছে এমন একটি বিবৃতি;
2. বিবৃতিটি যে তথ্যের ভিত্তিতে নেওয়া হয়েছে সেটি;
3. অভিযোগকারীর স্বাক্ষর ও যোগাযোগ করার তথ্য; এবং
4. কোনো নির্দিষ্ট শিশু সংক্রান্ত লঙ্ঘনের অভিযোগ করা হলে, শিশুটির নাম ও তার বাসস্থানের ঠিকানা;
5. শিশুটি যে স্কুলে পড়ছে তার নাম;
6. গৃহহীন শিশু বা কিশোর/কিশোরীর ক্ষেত্রে, শিশুর জন্য উপলব্ধ যোগাযোগ করার তথ্য, এবং শিশুটি যে স্কুলে পড়ছে তার নাম;
7. সমস্যা সংক্রান্ত তথ্য সহ, শিশুটির সমস্যার প্রকৃতির একটি বিবরণ; <u>এবং</u>
8. যে সময় অভিযোগটি দায়ের করা হচ্ছে সেই সময় অভিযোগকারী পক্ষের যতদূর জানা আছে বা যতটা উপলব্ধ সেইমতো সমস্যার একটি প্রস্তাবিত সমাধান।

অভিযোগে অবশ্যই একটি লঙ্ঘনের উল্লেখ থাকতে হবে যা স্টেট ***অভিযোগ পদ্ধতি অবলম্বন*** শিরোনামের অধীনে করা বর্ণনা অনুযায়ী অভিযোগ পাওয়ার তারিখের এক বছরের মধ্যে হতে হবে।

যে পক্ষ স্টেট অভিযোগ দায়ের করছে তাকে অবশ্যই পক্ষটি যে সময়ে স্টেট এডুকেশনাল এজেন্সির সাথে অভিযোগ দায়ের করেছে সেই সময় কাজ করা LEA বা অন্য সরকারি এজেন্সিকে অভিযোগের একটি প্রতিলিপি দিতে হবে।

অভিযোগ পাঠাতে হবে:

Chief, Division of Compliance, Monitoring and Planning<br>
Bureau of Special Education<br>
Pennsylvania Department of Education<br>
333 Market Street, 7th Floor<br>
Harrisburg, PA 17126-0333

**a. পদ্ধতিসমূহ**

**1) একটি অভিযোগ দায়ের করার পরে 60 ক্যালেন্ডার দিবসের সময়সীমা:**

1. স্টেট এডুকেশনাল এজেন্সি অনুসন্ধানটি আবশ্যক বলে নির্ধারণ করলে, একটি স্বাধিন অন-সাইট অনুসন্ধান সম্পন্ন করার জন্য;
2. অভিযোগকারীকে হয় মৌখিক নয়তো লিখিতভাবে, অভিযোগে থাকা নালিশগুলি সম্পর্কে অতিরিক্ত তথ্য জমা দেওয়ার সুযোগ দেওয়ার জন্য;

3. LEA বা অন্য সরকারি এজেন্সিকে অভিযোগের উত্তর দেওয়ার সুযোগ দেওয়ার জন্য, **অন্তত** এইগুলি সহ: (a) এজেন্সির বিকল্পে, অভিযোগের সমাধান করার একটি প্রস্তাব; এবং (b) অভিযোগ দায়ের করা পিতামাতা ও এজেন্সির মধ্যে মধ্যস্থতায় ঐচ্ছিকভাবে সম্মত হওয়ার একটি সুযোগের জন্য;

4. সমস্ত প্রাসঙ্গিক তথ্য পর্যালোচনা করে LEA বা অন্য সরকারি এজেন্সিটি IDEA-এর পার্ট B-এর প্রয়োজনীয়তা লঙ্ঘন করছে কিনা তা স্বতন্ত্রভাবে নির্ধারণ করার জন্য; এবং

5. অভিযোগকারীকে একটি লিখিত সিদ্ধান্ত জারি করা যাতে অভিযোগের প্রতিটি নালিশ নিয়ে কথা বলা আছে এবং যাতে রয়েছে: (a) তথ্য থেকে প্রাপ্ত জিনিস ও সিদ্ধান্তে উপনীত হওয়া; এবং (b) স্টেট এডুকেশনাল এজেন্সির চূড়ান্ত সিদ্ধান্তের কারণগুলি।

**2) সময় বাড়ানো; চূড়ান্ত সিদ্ধান্ত; কার্যকর করা**

a) 60 ক্যালেন্ডার দিবসের সময়সীমা শুধুমাত্র তখনই বাড়ানো মঞ্জুর করা হবে যদি: (a) একটি নির্দিষ্ট স্টেট অভিযোগ সংক্রান্ত ব্যতিক্রমী পরিস্থিতি বিদ্যমান হয়; অথবা (b) পিতামাতা এবং LEA বা জড়িত অন্য সরকারি এজেন্সি ঐচ্ছিকভাবে মধ্যস্থতা বা বিবাদ সমাধানের বিকল্প উপায়, স্টেটে উপলব্ধ থাকলে, তার মাধ্যমে বিষয়টির সমাধান করতে সময় বাড়াতে সম্মত হয়।

b) স্টেট এডুকেশনাল এজেন্সির চূড়ান্ত সিদ্ধান্তে, প্রয়োজন হলে, এইগুলি সহ: (a) প্রযুক্তিগত সহায়তার ক্রিয়াকলাপ; (b) মধ্যস্থতা; এবং (c) অনুবর্তিতা অর্জন করার জন্য সংশোধনমূলক পদক্ষেপ, ফলপ্রসু কার্যকর করার প্রক্রিয়া থাকবে।

**3) যথাযথ পরিষেবা প্রত্যাখ্যানের জন্য প্রতিকার**

একটি স্টেট অভিযোগ যাতে স্টেট এডুকেশনাল এজেন্সি যথাযথ পরিষেবা প্রদান করায় ব্যর্থতা দেখেছে সেটি সমাধান করায়, স্টেট এডুকেশনাল এজেন্সিকে অবশ্যই:

a) শিশুর চাহিদাগুলি নিয়ে কথা বলার জন্য যথাযথ সংশোধনমূলক পদক্ষেপ সহ, যথাযথ পরিষেবাগুলি প্রদান করার ব্যার্থতা নিয়ে কথা বলতে হবে; এবং

b) সকল প্রতিবন্ধী শিশুদের জন্য ভবিষ্যতে যথাযথ পরিষেবাগুলির ব্যবস্থাপনা নিয়ে কথা বলতে হবে।

**4) স্টেট অভিযোগ এবং ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি**

যদি এমন একটি লিখিত স্টেট অভিযোগ পাওয়া যায় যা নিচে ***একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করা***শিরোনামের অধীনে করা বর্ণনা অনুযায়ী একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির বিষয়ও, অথবা স্টেট অভিযোগে এমন সমস্যাগুলি আছে এইধরনের একটি শুনানির এক বা একাধিক অংশ, তাহলে স্টেটকে অবশ্যই স্টেট, বা স্টেট অভিযোগের সেইসব অংশ যা নিয়ে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানিতে বলা হচ্ছে সেক্ষেত্রে শুনানিটি শেষ না হওয়া পর্যন্ত সেই স্টেট অভিযোগ বাতিল করতে হবে। স্টেট অভিযোগে থাকা এমন কোনো সমস্যা যা ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অংশ নয় সেটিকে উপরে বর্ণনা করা সময়সীমা ও প্রক্রিয়াগুলি ব্যবহার করে সমাধান করতে হবে। একটি স্টেট অভিযোগে বলা কোনো সমস্যা একই পক্ষদের (আপনি এবং LEA) নিয়ে জড়িত পূর্বের কোনো ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানিতে মীমাংসা হয়ে গেলে, সেক্ষেত্রে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির সিদ্ধান্তই সেই সমস্যার উপর আরোপিত হবে এবং স্টেট এডুকেশনাল এজেন্সিকে অভিযোগকারীকে জানাতে হবে যে সিদ্ধান্তটি বাধ্যতামূলক।

একটি LEA বা অন্য সরকারি এজেন্সির একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির সিদ্ধান্ত বাস্তবায়ন করায় ব্যর্থতার নালিশ জানানো একটি অভিযোগকে অবশ্যই উপরের বর্ণনা করা প্রক্রিয়া অনুযায়ী স্টেট এডুকেশনাল এজেন্সিকে সমাধান করতে হবে।

## A. কীভাবে আমি একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের অনুরোধ করতে পারি?

**1. একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করা (34 CFR §300.507) সাধারণ**

আপনি বা LEA **আপনার সন্তানের সনাক্তকরণ, মূল্যায়ন বা শিক্ষাসংক্রান্ত প্লেসমেন্ট সূচনা বা পরিবর্তন করার প্রস্তাব বা প্রত্যাখ্যান, অথবা আপনার সন্তানের জন্য FAPE-এর বিধানগুলি সংক্রান্ত যেকোনো বিষয়ে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করতে পারেন।**

**ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে অবশ্যই একটি লঙ্ঘনের নালিশ থাকতে হবে যা সেই অভিযুক্ত বিষয় যার ভিত্তিতে এই ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগটি গঠিত সেটি যেন আপনার বা LEA-এর জানতে পারা বা জানলে ভাল হওয়ার দুই বছরের মধ্যে ঘটতে হবে।**

উপরের সময়সীমা আপনার উপর প্রযোজ্য হবে না যদি আপনি এই সময়সীমার মধ্যে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করতে না পারেন কেননা:

1. LEA যে অভিযোগে সনাক্ত করা সমস্যাগুলি সমাধান করেছিল নির্দিষ্টরূপে তাদের এমন ভ্রান্তধারণা ছিল; অথবা
2. LEA-এর IDEA-এর পার্ট B-এর অধীনে আপনাকে যে তথ্য প্রদান করার কথা ছিল সেটি তারা দিতে অস্বীকার করেছিল।

**পিতামাতার জন্য তথ্য**

আপনি তথ্যের অনুরোধ করলে, **অথবা** আপনি বা LEA একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করলে, LEA কে অবশ্যই আপনাকে সেই বিষয়ে উপলব্ধ যেকোনো বিনামূল্যের বা কম-খরচের আইনি এবং অন্যান্য প্রাসঙ্গিক পরিষেবাগুলি সম্বন্ধে জানাতে হবে।

## B. ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের বিষয়বস্তু (34 CFR §300.508)

**1. সাধারণ**

একটি শুনানির অনুরোধ করার জন্য, আপনাকে বা LEA কে (অথবা আপনার আইনজীবী বা LEA-এর আইনজীবীকে) অবশ্যই অন্য পক্ষের কাছে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ জমা দিতে হবে। সেই অভিযোগে অবশ্যই নিচে তালিকাবদ্ধ সকল বিষয়বস্তু থাকতে হবে এবং তা গোপনীয় রাখতে হবে। যখনই আপনি বা LEA - যে পক্ষই অভিযোগ দায়ের করুন না কেন - তাদেরকে অন্য পক্ষকে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ প্রদান করতে হবে, ও একইসাথে বিবাদ সমাধানের কার্যালয় (Office for Dispute Resolution, ODR)-এর কাছে একটি প্রতিলিপি পাঠাতে হবে।

**2. অভিযোগের বিষয়বস্তু**

**ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে:**

a. শিশুটির নাম;
b. শিশুটির বাসসস্থানের ঠিকানা;
c. শিশুটির স্কুলের নাম;
d. শিশুটি গৃহহীন শিশু বা কিশোর/কিশোরী হলে, তার সাথে যোগাযোগ করার তথ্য এবং তার স্কুলের নাম;
e. সমস্যা সংক্রান্ত তথ্যাবলী সহ, প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত পদক্ষেপ সংক্রান্ত শিশুর সমস্যার প্রকৃতির একটি বিবরণ; **এবং**
f. আপনার বা LEA-এর সেই মুহূর্তে যতটা সম্ভব জানা বা আপনাদের কাছে যতটা উপলব্ধ সেইমতো সমস্যার একটি প্রস্তাবিত সমাধান।

**3. একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের শুনানির আগে বিজ্ঞপ্তি প্রয়োজন**

আপনি বা LEA (অথবা আপনার আইনজীবী বা LEA-এর আইনজীবী), উপরে তালিকাবদ্ধ তথ্য সমন্বিত একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের না করা পর্যন্ত, আপনি বা LEA একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি নাও পেতে পারেন।

**4. অভিযোগের যথাযথতা**

**একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানিতে অগ্রসর হওয়ার জন্য, অভিযোগটিকে অবশ্যই যথাযথ হিসেবে বিবেচিত হতে হবে। ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগকেই (উপরের প্রয়োজনীয়তার বিষয়বস্তু পূরণ করার জন্য) যথাযথ বলে মনে করা হবে যদি না যে পক্ষ (আপনি বা LEA) ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগটি পাচ্ছে, তারা অভিযোগ পাওয়ার 15 ক্যালেন্ডার দিবসের মধ্যে, শুনানি আধিকারিক ও অন্য পক্ষকে লিখিতভাবে এটি জানান যে, গ্রহণকারী পক্ষ মনে করে যে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগটি উপরে তালিকাবদ্ধ আবশ্যিকতাগুলি পূরণ করে নি।**

গ্রহণকারী পক্ষ (আপনি বা LEA) একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগকে অপর্যাপ্ত বিবেচনা করছে এই বিজ্ঞপ্তি পাওয়ার পাঁচ ক্যালেন্ডার দিবসের মধ্যে, শুনানি আধিকারিককে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগটি উপরে তালিকাকৃত প্রয়োজনীয়তাগুলি পূরণ করছে কিনা সেই সিদ্ধান্ত নিতে হবে, এবং অবিলম্বে আপনাকে বা LEA কে লিখিতভাবে তা জানাতে হবে।

**5. অভিযোগ সংশোধন**

আপনি বা LEA শুধুমাত্র তখনই অভিযোগে সংশোধন করতে পারেন যদি:

a. অন্য পক্ষ লিখিতভাবে পরিবর্তনগুলি অনুমোদন করে এবং নিচে বর্ণনা করা, একটি সমাধানের মিটিংয়ের মাধ্যমে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগটি সমাধান করার একটি সুযোগ দেয়; <u>অথবা</u>

b. যেকোনো সময়, কিন্তু ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি শুরু হওয়ার পাঁচ দিন আগের মধ্যে, শুনানি আধিকারিক পরিবর্তনগুলির জন্য অনুমতি দেন।

অভিযোগকারী পক্ষ (আপনি বা LEA) ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে পরিবর্তন করলে, সমাধানের মিটিংয়ের সময়সীমা (অভিযোগ পাওয়ার 15 ক্যালেন্ডার দিবসের মধ্যে) এবং সমাধানের সময়সীমা (অভিযোগ পাওয়ার 30 ক্যালেন্ডার দিবসের মধ্যে) যে তারিখে সংশোধিত অভিযোগটি দায়ের করা হয়েছে আবার সেই তারিখ থেকে শুরু হয়।

**6. একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির ক্ষেত্রে LEA-এর উত্তর**

LEA, ***পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি***, শিরোনাম অনুযায়ী করা বর্ণনা অনুসারে, আপনার ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে থাকা বিষয়বস্তু সংক্রান্ত একটি পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি না পাঠালে, LEA কে অবশ্যই, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ পাওয়ার 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে, একটি উত্তর পাঠাতে হবে যাতে এইগুলি অন্তর্ভুক্ত থাকে:

a. LEA কেন ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে উত্থাপিত পদক্ষেপের প্রস্তাব দিচ্ছে বা প্রত্যাখ্যান করছে তার একটি ব্যাখ্যা;

b. আপনার সন্তানের IEP টিমের বিবেচিত অন্যান্য বিকল্পগুলির একটি বিবরণ এবং কেন সেই বিকল্পগুলি প্রত্যাখ্যাত হয়েছিল তার কারণগুলি;

c. প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত পদক্ষেপের জন্য LEA-এর ব্যবহৃত প্রতিটি মূল্যায়ন প্রক্রিয়া, মূল্যায়ন, রেকর্ড, বা রিপোর্টের একটি বিবরণ; <u>এবং</u>

d. LEA-এর প্রস্তাবিত বা প্রত্যাখ্যাত পদক্ষেপের সাথে প্রাসঙ্গিক অন্য কারণগুলির একটি বিবরণ।

উপরের আইটেম 1-4 এ থাকা তথ্য প্রদান করা LEA কে আপনার ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ যে অযথাযথ তা দাবী করা থেকে বিরত করে না।

**7. একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের জন্য অন্য পক্ষের উত্তর**

ঠিক উপরের উপ-শিরোনাম, ***একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের জন্য LEA-এর উত্তর***, অনুযায়ী করা বিবৃতিগুলি ছাড়া, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ গ্রহণকারী পক্ষকে, অভিযোগ পাওয়ার 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে, অন্য পক্ষকে এমন একটি উত্তর পাঠাতে হবে যা বিশেষভাবে অভিযোগের সমস্যা নিয়ে কথা বলে।

## C. <u>সমাধান প্রক্রিয়া (34 CFR §300.510)</u>

**1. সমাধানের মিটিং**

**আপনার ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ পাওয়ার 15 ক্যালেন্ডার দিবসের মধ্যে, এবং ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি শুরু হওয়ার আগে, LEA কে অবশ্যই আপনার এবং IEP দলের সেইসব প্রাসঙ্গিক সদস্য বা সদস্যরা যাদের আপনার ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে সনাক্ত করা তথ্য সম্বন্ধে একটি নির্দিষ্ট ধারণা আছে তাদের নিয়ে একটি মিটিং করতে হবে। মিটিংয়ে:**

a. LEA-এর একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত থাকতে হবে যার কাছে LEA-এর পক্ষ হয়ে সিদ্ধান্ত-গ্রহণের কর্তৃত্ব রয়েছে; <u>এবং</u>

b. আপনার সাথে কোনো আইনজীবী না থাকলে LEA-এও কোনো আইনজীবী অন্তর্ভুক্ত নাও করতে পারে। IEP টিমের কোন প্রাসঙ্গিক সদস্যরা মিটিংয়ে উপস্থিত থাকবেন তা আপনাকে ও LEA কে নির্ধারণ করতে হবে। মিটিংটির উদ্দেশ্য হল আপনার জন্য আপনার ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগটি, এবং যে তথ্যাবলী নিয়ে অভিযোগটি গঠিত সেগুলি আলোচনা করা, যাতে LEA-এর কাছে বিবাদটির সমাধান করার একটি সুযোগ থাকে।

c. সমাধানের মিটিংয়ের কোনো প্রয়োজন নেই যদি:

   1) আপনি এবং LEA লিখিতভাবে মিটিংটি পরিত্যাগ করতে সম্মত হন; <u>অথবা</u>

   2) আপনি এবং LEA ***মধ্যস্থতা*** শিরোনামের অধীনে করা বর্ণনা অনুসারে, মধ্যস্থতা প্রক্রিয়া ব্যবহার করতে সম্মত হন।

**2. সমাধানের সময়সীমা**

**LEA ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ পাওয়ার 30 ক্যালেন্ডার দিবসের মধ্যে (সমাধান প্রক্রিয়ার জন্য সময়সীমা কালীন) আপনার সন্তুষ্টি অনুযায়ী ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের সমাধান করতে না পারলে, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির কাজ শুরু হবে।**

একটি চূড়ান্ত সিদ্ধান্ত জারি করার জন্য 45-ক্যালেন্ডার দিবসের সময়সীমা, নিচের বর্ণনা অনুযায়ী, 30-ক্যালেন্ডার দিবসে করা সামঞ্জস্যের জন্য নির্দিষ্ট ব্যতিক্রমের সাথে, সমাধান পর্যায়ের 30-ক্যালেন্ডার দিবসের মেয়াদ শেষ হওয়ার পরে শুরু হয়।

আপনি এবং LEA উভয়েই সমাধান প্রক্রিয়া প্রত্যাহার করতে বা মধ্যস্থতা ব্যবহার করতে সম্মত হওয়া ছাড়া, আপনার সমাধানের মিটিংয়ে অংশগ্রহণ করার ব্যর্থতা, আপনি একটি মিটিংয়ে অংশগ্রহণ করতে সম্মত না হওয়া পর্যন্ত, সমাধান প্রক্রিয়ার ও ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির জন্য সময়সীমার বিলম্ব ঘটাবে।

LEA, যুক্তিসঙ্গত প্রচেষ্টা করা এবং সেই প্রচেষ্টাগুলি রেকর্ডে লিখে রাখার পরে, সমাধানের মিটিংয়ে আপনার অংশগ্রহণ পেতে সক্ষম না হলে, LEA 30-ক্যালেন্ডার দিবসের সমাধানের মেয়াদের পরে অনুরোধ করতে পারে যে, একজন শুনানি আধিকারিক যেন আপনার ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগটি খারিজ করে দেন। এইধরনের প্রচেষ্টাগুলির প্রমাণের রেকর্ডে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে LEA-এর পারস্পরিকভাবে সম্মত হওয়া তারিখ ও জায়গার বন্দোবস্ত করার জন্য প্রচেষ্টাগুলির একটি রেকর্ড, যেমন:

1. টেলিফোন কল বা কল করার চেষ্টা এবং সেই কলের ফলাফলগুলির বিস্তারিত রেকর্ড;
2. আপনাকে পাঠানো চিঠিপত্র এবং প্রাপ্ত উত্তরগুলির প্রতিলিপিগুলি; এবং
3. আপনার বাসা বা চাকরির জায়গায় করা ভিজিটগুলি এবং সেই ভিজিটের পরিণামের বিস্তারিত বিবরণ।

LEA আপনার ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ পাওয়ার 15 ক্যালেন্ডার দিবসের মধ্যে সমাধানের মিটিংয়ের বন্দোবস্ত করতে **অথবা** সমাধানের মিটিংয়ে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে, আপনি একজন শুনানি আধিকারিককে 45-ক্যালেন্ডার দিবসের ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি শুরু করার আদেশ দেওয়ার অনুরোধ করতে পারেন।

**3. 30-ক্যালেন্ডার দিবসের সমাধানের সময়সীমায় সামঞ্জস্যবিধান**

আপনি এবং LEA লিখিতভাবে সমাধানের মিটিং প্রত্যাহার করতে সম্মত হলে, পরের দিন থেকে 45-ক্যালেন্ডার দিবসের ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির জন্য সময়সীমা শুরু হবে।

মধ্যস্থতা বা সমাধানের মিটিং শুরু হওয়ার পরে এবং 30-ক্যালেন্ডার দিবসের সমাধানের সময়সীমা শেষ হওয়ার আগে, যদি আপনি ও LEA লিখিতভাবে সম্মত হন যে একমত হওয়া সম্ভব নয়, তাহলে পরের দিন থেকে 45-ক্যালেন্ডার দিবসের ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির জন্য সময়সীমা শুরু হবে।

আপনি এবং LEA মধ্যস্থতা প্রক্রিয়া ব্যবহার করতে সম্মত হলে, 30-ক্যালেন্ডার দিবসের সমাধানের সময়সীমার শেষে, উভয় পক্ষই লিখিতভাবে কোনো সম্মতিতে না পৌঁছানো পর্যন্ত মধ্যস্থতা চালিয়ে যেতে সম্মত হতে পারেন। তবে, হয় আপনি নয়তো LEA যে কেউ মধ্যস্থতা প্রক্রিয়া থেকে অপসারণ করলে, পরের দিন থেকে 45-ক্যালেন্ডার দিবসের ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির জন্য সময়সীমা শুরু হবে।

**4. লিখিত নিষ্পত্তির চুক্তি**

সমাধানের মিটিংয়ে বিবাদের একটি সমাধানে পৌঁছানো গেলে, আপনাকে এবং LEA কে অবশ্যই একটি আইনসম্মতভাবে বাধ্যতামূলক চুক্তিতে প্রবেশ করতে হবে যা:

a. আপনাকে এবং LEA-এর প্রতিনিধি যার LEA কে প্রতিজ্ঞাবদ্ধ করানোর কর্তৃত্ব রয়েছে তাকে স্বাক্ষর করতে হবে; এবং
*b.* চুক্তি পর্যালোচনার মেয়াদ - একটি সমাধানের মিটিংয়ের ফলস্বরূপ আপনি এবং LEA একটি চুক্তিতে প্রবেশ করেল, যেকোনো এক পক্ষ (আপনি বা LEA) আপনি ও LEA উভয়ে চুক্তিটি স্বাক্ষর করার সময়ের থেকে 3 কার্যদিবসের মধ্যে চুক্তিটি বাতিল করতে পারেন।

## A. নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি (34 CFR §300.511)

**1. সাধারণ**

যখনই কোনো ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করা হয়, তখনই বিবাদের সাথে জড়িত আপনার বা LEA-এর কাছে অবশ্যই ***ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ*** এবং ***সমাধান প্রক্রিয়া*** বিভাগগুলিতে করা বর্ণনা অনুযায়ী, একটি নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির সুযোগ আছে। পেনসিলভেনিয়াতে, ন্যায্য পদ্ধতির ব্যবস্থাটি বিবাদ সমাধানের কার্যালয় (Office for Dispute Resolution, ODR) পরিচালনা করে। (***সংস্থানের***অধীনে তালিকাবদ্ধ)

**2. নিরপেক্ষ শুনানি আধিকারিক**

**অন্তত, একজন শুনানি আধিকারিক:**

a. অবশ্যই যেন শিশুটির শিক্ষা বা যত্ন নেওয়ার সাথে জড়িত স্টেট এডুকেশনাল এজেন্সি বা LEA-এর কোনো কর্মচারী না হন। তবে, কোনো ব্যক্তিকে একজন শুনানি আধিকারিক হিসেবে কাজ করার জন্য এজেন্সি টাকা দিয়েছে শুধুমাত্র এই কারণের ফলেই তিনি এজেন্সির কর্মচারী হয়ে যান না;

b. অবশ্যই যেন শুনানিতে শুনানি আধিকারিকের ব্যক্তিনিরপেক্ষতার সাথে দ্বন্দ্ব হতে পারা কোনো ব্যক্তিগত বা পেশা সংক্রান্ত স্বার্থ না থাকে;

c. অবশ্যই যেন IDEA-এর বিধান, ও IDEA সংক্রান্ত ফেডারেল ও স্টেট আইনগুলি, এবং ফেডারেল ও স্টেট আদালতের দ্বারা IDEA-এর আইনি ব্যাখ্যার ধারণা থাকে ও সেগুলি বোঝেন; <u>এবং</u>

d. অবশ্যই যেন শুনানি পরিচালনা করা, ও যথাযথ, প্রমাণ মানের আইনসম্মত রীতিনীতির সাথে মিল রেখে সিদ্ধান্তে আসার ও সেটি লেখার ধারণা ও ক্ষমতা থাকে।

প্রতিটি SEA কে শুনানি আধিকারিক হিসেবে কাজ করা সেই সকল ব্যক্তিদের একটি তালিকা রাখতে হবে যার মধ্যে প্রত্যেক শুনানি আধিকারিকের যোগ্যতার একটি বিবৃতি অন্তর্ভুক্ত থাকতে হবে।

**3. ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির বিষয়বস্তু**

যে পক্ষ (আপনি বা LEA) ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অনুরোধ করছেন তারা, অন্য পক্ষ সম্মত না হওয়া পর্যন্ত, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে না থাকা সমস্যাগুলি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানিতে উত্থাপন নাও করতে পারেন।

**4. একটি শুনানির জন্য অনুরোধ করার সময়সীমা**

a. **সময়ের সীমাবদ্ধতা**

<u>**আপনাকে বা LEA কে অবশ্যই অভিযোগে থাকা সমস্যাটি যে তারিখে আপনি বা LEA জেনেছিলেন বা জানা উচিৎ ছিল সেই তারিখের দুই বছরের মধ্যে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের উপর একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ করতে হবে। ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে অবশ্যই একটি লঙ্ঘনের নালিশ থাকতে হবে যা যে অভিযোগটি নিয়ে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ গড়ে তোলার ভিত্তি সেটি আপনার বা LEA-এর জানা তারিখের দুই বছরের মধ্যে ঘটতে হবে।**</u>

**সময়সীমার ব্যতিক্রমগুলি**

উপরের সময়সীমা আপনার উপর প্রযোজ্য হবে না যদি আপনি এই সময়সীমার মধ্যে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করতে না পারেন কেননা:

1. অভিযোগে সনাক্ত করা যে সমস্যাগুলি LEA সমাধান করেছিল নির্দিষ্টরূপে তাদের এমন ভ্রান্তধারণা ছিল; <u>অথবা</u>
2. LEA-এর IDEA-এর পার্ট B-এর অধীনে আপনাকে যে তথ্য প্রদান করার কথা ছিল সেটি তারা দিতে অস্বীকার করেছিল।

## B. শুনানির অধিকারগুলি (34 CFR §300.512)

**1. সাধারণ**

*সিদ্ধান্ত; নিরপেক্ষ পর্যালোচনা* উপ-**শিরোনামের অধীনে করা বর্ণনা অনুসারে.একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি (শাস্তিমূলক পদ্ধতি সংক্রান্ত শুনানি সহ) বা একটি আপিলের যেকোনো পক্ষের এই অধিকারগুলি রয়েছে:**

a. প্রতিবন্ধী শিশুদের সমস্যাগুলি সম্বন্ধে বিশেষ ধারণা বা প্রশিক্ষণ থাকা কোনো আইনজীবী এবং/অথবা ব্যক্তিকে সাথে নিয়ে যাওয়ার বা তাদের পরামর্শ নেওয়ার;

b. প্রমাণ পেশ করার এবং স্বাক্ষীদের সম্মুখীন হওয়া, জিজ্ঞাসাবাদ করা, ও তাদের উপস্থিত করার;

c. শুনানির অন্তত পাঁচ কার্যদিবস আগে অন্য পক্ষের কাছে প্রকাশ না করা কোনো প্রমাণকে শুনানিতে পেশ করতে দিতে বাধা দেওয়ার;

d. আপনার পছন্দ অনুযায়ী, লিখিতভাবে, বা ইলেকট্রনিক পদ্ধতিতে, শুনানির অক্ষরে অক্ষরে রেকর্ড পাওয়ার; <u>এবং</u>

e. তথ্য ও সিদ্ধান্তগুলি আপনার পছন্দ অনুযায়ী, লিখিতভাবে বা ইলেকট্রনিক পদ্ধতিতে পাওয়ার।

2. **অতিরিক্ত তথ্য প্রকাশ**

**একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অন্তত 5 কার্যদিবস আগে, আপনাকে এবং LEA কে অন্য সকল পক্ষদের কাছে সেই তারিখ পর্যন্ত সম্পূর্ণ হওয়া সমস্ত মূল্যায়ন ও সেই মূল্যায়নের ভিত্তিতে করা সুপারিশগুলি যা শুনানিতে আপনি বা LEA ব্যবহার করতে চান সেগুলি প্রকাশ করতে হবে।**

একজন শুনানি আধিকারিক এই আবশ্যিকতা মেনে চলতে ব্যর্থ হওয়া যেকোনো পক্ষকে অন্য পক্ষের সম্মতি ছাড়া শুনানিতে প্রাসঙ্গিক মূল্যায়ন বা সুপারিশগুলি উপস্থাপন করা থেকে বিরত করতেও পারেন।

3. **শুনানিতে পিতামাতার অধিকারগুলি**

আপনাকে অবশ্যই এই অধিকারগুলি দিতে হবে:

a. এই শুনানিটি যে শিশুকে নিয়ে তাকে উপস্থিত থাকতে দেওয়ার;
b. শুনানিটি সর্বসমক্ষে উন্মুক্ত করার; <u>এবং</u>
c. আপনাকে বিনা খরচে শুনানির রেকর্ড, তথ্য এবং সিদ্ধান্তগুলি প্রদান করার।

## C. <u>শুনানির সিদ্ধান্তগুলি (34 CFR §300.513)</u>

1. ***শুনানি আধিকারিকের সিদ্ধান্ত***

a. আপনার সন্তান FAPE পেয়েছিল কিনা একজন শুনানি আধিকারিকের সেই সিদ্ধান্তটি বাস্তব সঙ্গত কারণের ভিত্তিতে নিতে হবে।

b. একটি পদ্ধতিগত লঙ্ঘনের অভিযোগের ক্ষেত্রে, একজন শুনানি আধিকারিক হয়তো এই সিদ্ধান্তে আসতে পারেন যে আপনার সন্তান শুধুমাত্র পদ্ধতিগত অপর্যাপ্ততা থাকাকালীন FAPE পায়নি:

1) আপনার সন্তানের FAPE-এর অধিকারের সাথে হস্তক্ষেপ করে;
2) আপনার সন্তানের জন্য FAPE-এর আইন সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণের প্রক্রিয়ায় আপনার অংশগ্রহণ করার সুযোগের সাথে উল্লেখযোগ্যভাবে হস্তক্ষেপ করে; <u>অথবা</u>
3) কোনো শিক্ষাসংক্রান্ত সুবিধার বঞ্চনার কারণ হয়।

c. রচনাটির ধারাগুলি

উপরে বর্ণনা করা বিধানগুলির কোনটিকেই একজন শুনানি আধিকারিককে একটি LEA কে IDEA-এর পার্ট B-এর (34 CFR §§300.500 থেকে 300.536) অধীনে ফেডারেল আইনের ধারাগুলির পদ্ধতিগত সুরক্ষার আবশ্যিকতাগুলি মেনে চলার আদেশ দেওয়া থেকে বিরত করা হিসেবে ব্যাখ্যা করা যেতে পারে না। এই শিরোনামগুলির অধীনে থাকা কোনো আইনই: ***একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করা; ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ; নমুনা ফর্ম; সমাধান প্রক্রিয়া; নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি; শুনানির অধিকার; এবং শুনানির সিদ্ধান্ত*** (34 CFR §§300.507 থেকে 300.513), একটি উপযুক্ত এক্তিয়ারের আদালতে আপনার পদ্ধতি সংক্রান্ত শুনানির একটি দায়ের করার অধিকারকে প্রভাবিত করতে পারবে না।

2. ***একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির পৃথক অনুরোধ***

IDEA-এর পার্ট B-এর (34 CFR §§300.500 থেকে 300.536) অধীনে ফেডারেল আইনের পদ্ধতিগত সুরক্ষার রিপার্টে থাকা কোনও কিছুকেই ইতিমধ্যে দায়ের করা একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগের থেকে পৃথক একটি সমস্যা নিয়ে একটি পৃথক ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করা থেকে আপনাকে বিরত করা হিসেবে ব্যাখ্যা করা যেতে পারবে না।

3. ***উপদেষ্টা প্যানেল এবং জনসাধারণের জন্য তথ্য ও সিদ্ধান্তগুলি***

SEA কে কোনো ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য মুছে ফেলার পরে, অবশ্যই:

a. ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি বা আপিলে প্রাপ্ত তথ্য ও সিদ্ধান্তগুলিকে স্টেট বিশেষ শিক্ষা উপদেষ্টা প্যানেল (State Special Education Advisor Panel, SEAP)-এর কাছে প্রদান করতে হবে; <u>এবং</u>
b. সেইসব তথ্য ও সিদ্ধান্তগুলিকে জনসমক্ষে প্রকাশ করতে হবে।

## D. <u>সিদ্ধান্ত; আপিল; নিরপেক্ষ পর্যালোচনার চূড়ান্ত নিষ্পত্তি (34 CFR §300.514)</u>

***শুনানির সিদ্ধান্তের চূড়ান্ত নিষ্পত্তি***

একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানিতে (শাস্তি সংক্রান্ত পদ্ধতি সম্পর্কিত শুনানি সহ) নেওয়া একটি সিদ্ধান্তই চূড়ান্ত, এইটি ছাড়া যে শুনানিতে জড়িত যেকোনো পক্ষ (আপনি বা LEA) একটি উপযুক্ত এক্তিয়ারের আদালতে সিদ্ধান্তটির আপিল করতে পারে।

## E. <u>শুনানির সময়সীমা এবং সুবিধা (34 CFR §300.515)</u>

1. **সময়সীমা**

SEA কে অবশ্যই এটি নিশ্চিত করতে হবে যে সমাধানের মিটিংয়ের 30-ক্যালেন্ডার দিবসের মেয়াদের পরে 45 দিনের মধ্যে <u>অথবা</u>, ***30-ক্যালেন্ডার দিবসের সমাধানের সময়সীমার সামঞ্জস্যবিধান*** উপ-শিরোনামের অধীনে করা বর্ণনা অনুযায়ী,

   a. যেন শুনানিতে একটি চূড়ান্ত সিদ্ধান্তে পোঁছানো যায়; <u>এবং</u>
   *b.* সিদ্ধান্তটির একটি প্রতিলিপি আপনাকে এবং LEA কে ডাকযোগে পাঠানো হয়।

2. ***<u>সময়সীমা বাড়ানো</u>***

আপনি বা LEA সময়সীমা নির্দিষ্টরূপে বাড়ানোর অনুরোধ করলে, একজন শুনানি বা পর্যালোচনাকারী আধিকারিক উপরে বর্ণনা করা সময়সীমা (একটি শুনানির সিদ্ধান্তের জন্য 45 ক্যালেন্ডার দিবস এবং একটি পর্যালোচনার সিদ্ধান্তের জন্য 30 ক্যালেন্ডার দিবস) পেরিয়ে সময় নির্দিষ্টরূপে বাড়ানো মঞ্জুর করতে পারেন। মৌখিক বাদানুবাদ সংক্রান্ত প্রতিটি শুনানিকে আপনার বা আপনার সন্তানের জন্য যুক্তিসঙ্গতভাবে সুবিধাজনক সময় ও জায়গায় পরিচালনা করতে হবে।

## F. <u>দেওয়ানি মামলা, সেইসব মামলাগুলি কোন সময় সীমার মধ্যে নিতে হবে সেটি সহ (34 CFR §300.516)</u>

1. **সাধারণ**

SEA-এর তথ্য ও সিদ্ধান্তের সাথে সম্মত না হওয়া যেকোনো পক্ষের (আপনার বা LEA-এর) যে বিষয়টি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির (শাস্তি সংক্রান্ত পদ্ধতি সংক্রান্ত শুনানি সহ) বিষয় ছিল তার সাথে সম্পর্কিত একটি দেওয়ানি মামলা করার অধিকার রয়েছে। মামলাটি বিবাদে থাকা পরিমাণ নির্বিশেষে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি জেলা আদালতে অথবা একটি উপযুক্ত এক্তিয়ারের স্টেট আদালতে করা হতে পারে (একটি স্টেট আদালতের এইধরনের মামলা শোনার অধিকার রয়েছে)। পেনসিলভেনিয়াতে, উপযুক্ত এক্তিয়ারের আদালত হল কমনওয়েলথ আদালত।

2. **সময়ের সীমাবদ্ধতা**

যে পক্ষ (আপনি বা LEA) মার্কিন যুক্তরাষ্ট্রের একটি জেলা আদালতে মামলাটি দায়ের করবেন তাকে SEA-এর সিদ্ধান্তের তারিখের থেকে 90 ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি দেওয়ানি মামলা দায়ের করতে হবে। যে পক্ষ কমনওয়েলথ আদালতে মামলাটি দায়ের করবেন তাকে SEA-এর সিদ্ধান্তের তারিখের থেকে 30 ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি দেওয়ানি মামলা দায়ের করতে হবে।

3. **অতিরিক্ত পদ্ধতিগুলি**

<u>যেকোনো দেওয়ানি মামলায়, **আদালত:**</u>

   1. প্রশাসনিক কার্যধারার রেকর্ড পায়;
   2. আপনার বা LEA-এর অনুরোধে অতিরিক্ত প্রমাণগুলি শোনে; <u>এবং</u>
   3. অধিকতর বেশি সংখ্যক প্রমাণের ভিত্তিতে তার সিদ্ধান্তে আসে এবং আদালতের উপযুক্ত মনে হওয়া পরিত্রাণ মঞ্জুর করে।

4. **রচনার নিয়ম**

IDEA-এর পার্ট B-এর কোনকিছুই প্রতিবন্ধী শিশুদের অধিকারগুলিকে রক্ষা করা মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান, 1990 সালের প্রতিবন্ধী আমেরিকানদের আইন, 1973 সালের পুনর্বাসন আইনের শিরোনাম V (ধারা 504), অথবা অন্যান্য ফেডারেল আইনের অধীনে থাকা অধিকার, পদ্ধতি, এবং পরিত্রাণগুলিকে সীমিত বা সংরক্ষিত করে না, শুধু এটি ছাড়া যে এই আইনগুলির অধীনে এমন একটি পরিত্রাণ পাওয়ার চেষ্টা যেটি IDEA-এর পার্ট B-এর অধীনেও উপলব্ধ সেটির একটি দেওয়ানি মামলা দায়ের করার আগে, পক্ষ IDEA-এর পার্ট B-এর অধীনে মামলাটি দায়ের করলে, উপরে বর্ণিত ন্যায্য পদ্ধতি সংক্রান্ত পদ্ধতিগুলিকে প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণরূপে ব্যবহার করে ফেলতে হবে। এর মানে হল এই যে আপনার কাছে হয়তো অন্য আইনের অধীনে থাকা পরিত্রাণগুলি থাকতে পারে যেগুলি IDEA তে থাকা পরিত্রাণগুলির সাথে সমাপতিত হয়, কিন্তু সাধারণভাবে, সেইসব অন্য আইনের অধীনে পরিত্রাণ পাওয়ার জন্য, এমন কিছু নির্দিষ্ট বিচারবিভাগীয় ব্যাতিক্রম যা প্রশাসনিক পরিত্রাণগুলকে সম্পূর্ণরূপে ব্যবহার করাকে বৃথা মনে করে সেটি উপলব্ধ না থকলে, আপনাকে আদালতে যাওয়ার আগে প্রথমে IDEA-এর অধীনে থাকা পরিত্রাণগুলিকে (অর্থাৎ, ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ, সমাধানের মিটিং, ও নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি প্রক্রিয়া) সম্পূর্ণরূপে ব্যবহার করতে হবে।

## G. <u>আইনজীবীর ফি (34 CFR §300.517)</u>

1. **সাধারণ**

IDEA-এর পার্ট B-এর অধীনে দায়ের করা যেকোনো মামলাতে, আদালত তার নিজস্ব বিবেচনায়, খরচের অংশ হিসেবে যুক্তিসঙ্গত আইনজীবীর ফিয়ের রায় দিতে পারে:

   a. আপনি জয়ী পক্ষ হিসেবে বিবেচিত হলে আপনাকে খরচ দেওয়া হবে।

b. আপনার আইনজীবীকে জয়ী স্টেট এডুকেশনাল এজেন্সি বা LEA কে টাকা দিতে হবে, যদি আইনজীবী: (a) এমন কোনো অভিযোগ বা আদালতে এমন মামলা দায়ের করেন যা আদালত ফালতু, অযৌক্তিক, বা ভিত্তিহীন বলে মনে করে; <u>**অথবা**</u> (b) মামলাটি স্পষ্টরূপে ফালতু, অযৌক্তিক, বা ভিত্তিহীন হয়ে পড়ার পরেও মামলা চালিয়ে যান; <u>**বা**</u>

c. একটি জয়ী স্টেট এডুকেশনাল এজেন্সি বা LEA কে আপনাকে বা আপনার আইনজীবীকে টাকা দিতে হবে, যদি একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি বা পরের আদালতের মামলার জন্য আপনার অনুরোধটি যেকোনো অনুপযুক্ত উদ্দেশ্য হিসেবে পেশ করা হয়, যেমন হয়রানি করা, অহেতুক বিলম্বের কারণ হওয়া, বা মামলা বা কার্যধারার খরচ অহেতুক বৃদ্ধি করা।

**2. ন্যায্য ফি**

আদালত নিম্নলিখিতগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ ন্যায্য আইনজীবীর ফি প্রদানের রায় দেয়:

a. ফি অবশ্যই সরবরাহ করা পরিষেবাগুলির প্রকার ও মানের জন্য যে কমিউনিটিতে মামলা বা শুনানিটি উত্থাপিত হয়েছে সেই কমিউনিটিতে বিদ্যমান মূল্যের হারের ভিত্তিতে হতে হবে। রায় দেওয়া ফি হিসাব করার সময় কোনো উপরিলাভ বা গুণক ব্যবহার করা যাবে না।

b. আপনাকে একটি লিখিত নিষ্পত্তির প্রতাব দেওয়ার পরে সম্পন্ন করা পরিষেবাগুলির জন্য IDEA-এর পার্ট B-এর অধীনে কোনো মামলা বা কার্যধারায় ফিয়ের রায়দান করা বা সম্পর্কিত খরচের ক্ষতিপূরণ নাও করা হতে পারে যদি:

  1) প্রস্তাবটি দেওয়ানি কার্যধারার ফেডারেল নিয়মের শারা 68 অনুসারে নির্দেশিত সময়ের মধ্যে করা হয় অথবা, একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি বা স্টেট-স্তরের পর্যালোচনার ক্ষেত্রে, কার্যধারা শুরু হওয়ার আগের 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে যেকোনো সময় করা হয়;
  2) অফারটি 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে গৃহীত না হয়; <u>**এবং**</u>
  3) আদালত বা প্রশাসনিক আধিকারিক দেখেন যে আপনার থেকে অবশেষে পাওয়া পরিত্রাণটি নিষ্পত্তির প্রস্তাবের চেয়ে আপনার জন্যই বেশি সুবিধাপূর্ণ।
  4) এই সীমাবদ্ধতাগুলি সত্ত্বেও, আইনজীবীর ফি ও সংশ্লিষ্ট খরচের একটি রায়দান আপনার জন্য দেওয়া হতে পারে যদি আপনি জয়ী হন এবং নিষ্পত্তির প্রস্তাব প্রত্যাখ্যান করায় আপনার সততা যথেষ্টরূপে প্রতিপাদন করা হয়ে থাকে।

c. IEP টিমের কোনো মিটিং প্রশাসনিক কার্যধারা বা আদালতের মামলার ফলস্বরূপ আয়োজন না করা পর্যন্ত সেই মিটিংয়ের সাথে সম্পর্কিত ফি <u>নাও</u> দেওয়া হতে পারে ***সমাধানের মিটিং*** শিরোনামের অধীনে করা বর্ণনা অনুসারে, একটি সমাধানের মিটিং কোনো প্রশাসনিক শুনানি বা আদালতের মামলার ফলস্বরূপ ডাকা কোনো মিটিং হিসেবে বিবেচিত হয় না, এবং এইসকল আইনজীবীদের উদ্দেশ্যের জন্য কোনো প্রশাসনিক শুনানি বা আদালতের মামলা হিসেবেও বিবেচিত হয় না।

d. মধ্যস্থতা শিরোনামের অধীনে করা বর্ণনা অনুসারে কোনো মধ্যস্থতার জন্যও ফি দেওয়ার রায় নাও দেওয়া হতে পারে।

**3. ফি হ্রাস করা**

আদালত, উপযুক্ততা অনুযায়ী, IDEA-এর পার্ট B-এর অধীনে রায় দেওয়া আইনজীবীর ফিয়ের পরিমাণ হ্রাস করতে পারে, যদি আদালত দেখে যে:

a. আপনি, বা আপনার আইনজীবী মামলা বা কার্যধারা চলাকালীন বিবাদের চূড়ান্ত সমাধানকে অহেতুক বিলম্বিত করেছেন;

b. অন্যথায় অনুমোদিত রায় দেওয়া আইনজীবীর ফিয়ের পরিমাণ যুক্তিসঙ্গতভাবে অনুরূপ দক্ষতা, খ্যাতি, ও অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীদের সম্পাদন করা একই পরিষেবাগুলি জন্য কমিউনিটিতে চালু থাকা ঘন্টা হিসেবে হারের চেয়ে অহেতুক বেশি হচ্ছে;

c. ব্যয় করা সময় এবং সরবরাহ করা আইনি পরিষেবাগুলি মামলা বা কার্যধারার প্রকৃতির বিবেচনায় অত্যন্ত বেশি ছিল; <u>**অথবা**</u>

d. আপনার প্রতিনিধিত্ব করা আইনজীবী LEA কে ***ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ*** শিরোনামের অধীনে করা বর্ণনা অনুসারে ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অনুরোধে যথাযথ তথ্য প্রদান করেন নি।

তবে, আদালত যদি দেখে যে স্টেট বা LEA মামলা বা কার্যধারার চূড়ান্ত সমাধান অহেতুক বিলম্বিত করেছিল অথবা IDEA-এর পার্ট B-এর পদ্ধতিগত সুরক্ষাগুলির বিধানের অধীনে কোনো লঙ্ঘন করা হয়েছিল, তাহলে আদালত হয়তো ফি হ্রাস নাও করতে পারে।

## H. <u>নমুনা ফর্মগুলি (34 CFR §300.509)</u>

স্টেট এডুকেশনাল এজেন্সি (LEA) একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ এবং একটি স্টেট অভিযোগ দায়ের করতে আপনাকে সাহায্য করার জন্য নমুনা ফর্ম তৈরী করেছে। SEA বা LEA-এ অনুযায়ী আপনার এই নমুনা ফর্মগুলি ব্যবহার করা আবশ্যক নয়। কার্যত, আপনি এই নমুনা ফর্মগুলি বা অন্য কোনো উপযুক্ত নমুনা ফর্ম ব্যবহার করতে পারেন, যতক্ষণ পর্যন্ত তাতে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ বা একটি স্টেট অভিযোগ দায়ের করার জন্য প্রয়োজনীয় তথ্য থাকে।

## VI. মধ্যস্থতা (34 CFR §300.506)

### A. সাধারণ

আপনাকে এবং LEA কে একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করার আগে থেকে উত্থাপিত বিষয়গুলি সহ, IDEA-এর পার্ট B-এর অধীনে যেকোনো বিষয়ের সাথে জড়িত মতভেদের সমাধান করার অনুমোদন দেওয়ার জন্য SEA কে অবশ্যই মধ্যস্থতা উপলব্ধ রাখতে হবে। এইভাবে, আপনি বা LEA ***একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের*** শিরোনামের অধীনে করা বর্ণনা অনুসারে একটি ন্যায্য পদ্ধতির অনুরোধ করার জন্য একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ দায়ের করুন বা না করুন, IDEA-এর পার্ট B-এর অধীনে মধ্যস্থতা উপলব্ধ রয়েছে।

### B. পদ্ধতিগত আবশ্যিকতাগুলি

**পদ্ধতিগুলিকে নিশ্চিত করতে হবে যে মধ্যস্থতা প্রক্রিয়াটি:**

1. যেন আপনার এবং LEA-এর তরফে স্বেচ্ছামূলক হয়;
2. আপনার একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানির অধিকার, অথবা IDEA-এর পার্ট B-এর অধীনে আপনার অন্য অধিকারগুলিকে প্রত্যাখ্যান বা বিলম্বিত করার জন্য যেন ব্যবহার না করা হয়; **এবং**
3. যেন কার্যকর মধ্যস্থতার কৌশলে প্রশিক্ষণপ্রাপ্ত একজন যোগ্য ও নিরপেক্ষ মধ্যস্থতাকারী দ্বারাই পরিচালনা করা হয়।
4. SEA কে অবশ্যই যোগ্য মধ্যস্থতাকারী যাদের বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলির বিধানের সাথে সম্পর্কিত আইন ও নিয়মাবলী সম্পর্কে ধারণা আছে তাদের একটি তালিকা রাখতে হবে। SEA কে এলোমেলোভাবে, পর্যায়ক্রমে, বা অন্যান্য নিরপেক্ষ ভিত্তিতে মধ্যস্থতাকারীদের নির্বাচন করতে হবে।
5. স্টেট, মিটিংগুলির খরচ সহ, মধ্যস্থতা প্রক্রিয়ার খরচের জন্য দায়ী।
6. মধ্যস্থতা প্রক্রিয়ার প্রতিটি সেশনকে সময়মত নির্ধারিত করতে হবে এবং এমন জায়গায় আয়োজিত হতে হবে যা আপনার ও LEA-এর জন্য সুবিধাজনক হয়।
7. **আপনি এবং LEA মধ্যস্থতা প্রক্রিয়ার মাধ্যমে কোনো বিবাদের সমাধান করলে, উভয় পক্ষকে এমন একটি আইনসম্মতভাবে বাধ্যতামূলক চুক্তিতে প্রবেশ করতে হবে যা সমাধানের ঘোষণা করে এবং যা:**
   a. বলে যে মধ্যস্থতা প্রক্রিয়ার সময় হওয়া সমস্ত আলোচনাগুলি গোপনীয় থাকবে এবং যেকোনো পরবর্তীকালীন ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি বা দেওয়ানি কার্যধারায় প্রমাণ হিসেবে ব্যবহার নাও করা হতে পারে; **এবং**
   b. আপনার এবং LEA-এর একজন প্রতিনিধি যার কাছে LEA কে প্রতিজ্ঞাবদ্ধ করানোর অধিকার আছে তার স্বাক্ষর থাকতে হবে।
8. একটি লিখিত, স্বাক্ষরিত মধ্যস্থতা চুক্তি উপযুক্ত এক্তিয়ারের যেকোনো স্টেট আদালতে (একটি আদালত যার এই ধরনের মামলা শোনার জন্য স্টেটের আইন অনুযায়ী অধিকার রয়েছে) অথবা মার্কিন যুক্তরাষ্ট্রের কোনো জেলা আদালতে বলবৎযোগ্য।
9. মধ্যস্থতা প্রক্রিয়ার সময় হওয়া আলোচনাগুলিকে গোপনীয় রাখতে হবে। তাদের IDEA-এর পার্ট B-এর অধীনে যেকোনো ফেডারেল আদালত বা স্টেট সহায়তা প্রাপ্ত স্টেট আদালতের ভবিষ্যতের যেকোনো ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি বা দেওয়ানি কার্যধারায় প্রমাণ হিসেবে ব্যবহার করা যাবে না।

### C. মধ্যস্থতাকারীর নিরপেক্ষতা

মধ্যস্থতাকারী:

1. আপনার সন্তানের শিক্ষা পরিচর্যার সাথে জড়িত SEA বা LEA-এর একজন কর্মচারী নাও হতে পারেন; **এবং**
2. মধ্যস্থতাকারীর ব্যক্তিনিরপেক্ষতার সাথে দ্বন্দ্ব লাগায় এমন ব্যক্তিগত বা পেশা সংক্রান্ত স্বার্থ যেন না থাকে।

একজন মধ্যস্থতাকারী হিসেবে অন্যথায় যোগ্য হওয়া একজন ব্যক্তি একজন মধ্যস্থতাকারী হিসেবে কাজ করার জন্য শুধুমাত্র এই কারণেই LEA বা SEA-এর কর্মচারী নন যে এজেন্সি তাকে টাকা দেয়।

## VII. শিশুটির প্লেসমেন্ট মুলতুবি থাকা মধ্যস্থতা এবং ন্যায্য পদ্ধতি (34 CFR §300.518)

### A. সাধারণ

**শিশুটির প্লেসমেন্ট মুলতুবি থাকা মধ্যস্থতা এবং ন্যায্য পদ্ধতি (34 CFR §300.518)**

নিচের **প্রতিবন্ধী শিশুদের শাস্তিদানের সময়ের পদ্ধতিগুলি** শিরোনামের অধীনে প্রদত্তগুলি ছাড়া, একটি ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগ একবার অন্য পক্ষকে পাঠানো হয়ে গেলে, সমাধান প্রক্রিয়ার মেয়াদ, মধ্যস্থতা চলাকালীন, এবং যেকোনো নিরপেক্ষ ন্যায্য পদ্ধতি সংক্রান্ত শুনানি বা আদালতের কার্যধারার সিদ্ধান্তের জন্য অপেক্ষা করার সময়, আপনি এবং স্টেট বা LEA অন্যথায় সম্মত না হওয়া পর্যন্ত, আপনার সন্তানকে তার বর্তমান শিক্ষাসংক্রান্ত প্লেসমেন্টে থাকতে হবে।

ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে সরকারি স্কুলে প্রারম্ভিক ভর্তির জন্য একটি আবেদন জড়িত থাকলে, আপনার সম্মতির সাথে, আপনার সন্তানকে সেইধরনের কার্যধারা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত নিয়মিত সরকারি স্কুলের প্রোগ্রামে রাখা হবে।

ন্যায্য পদ্ধতি সংক্রান্ত অভিযোগে IDEA-এর পার্ট C থেকে IDEA-এর পার্ট B তে যাওয়া এবং শিশুর বয়স তিন বছর হওয়ার কারণে আর পার্ট C পরিষেবাগুলির যোগ্য না হওয়া একজন শিশুর জন্য IDEA-এর পার্ট B-এর অধীনে প্রারম্ভিক পরিষেবাগুলির জন্য একটি আবেদন জড়িত থাকলে, LEA কে শিশুটি যে পার্ট C পরিষেবাগুলি পাচ্ছে সেগুলি প্রদান করা আবশ্যক হতে পারে। শিশুদের ধারাবাহিকতার অধিকার আছে - অর্থাৎ, তাদের IFSP তে ঘোষণা করা পরিষেবাগুলি অবিরাম রাখা - তারা তিন (3) বছর বয়সে প্রিস্কুল আর্লি ইন্টারভেনশন কর্মসূচিতে যাওয়ার সময় বিবাদ উত্থাপিত হলে এবং বিবাদ সমাধান করার জন্য পরিবার একটি আনুষ্ঠানিক শুনানির অনুরোধ করলে। শিশুটি IDEA-এর পার্ট B-এর অধীনে যোগ্য হিসেবে গণ্য হলে এবং আপনি প্রথমবারের জন্য শিশুটিকে বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি পাওয়ার সম্মতি দিলে, কার্যধারার পরিণতি মুলতুবি থাকলেও, LEA কে বিবাদে না থাকা বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবাগুলি (যেগুলির উপর আপনি ও LEA উভয়েই সম্মত হন) সেগুলি প্রদান করতে হবে।

## VIII. আমার সন্তানকে শাস্তি সংক্রান্ত সমস্যার কারণে স্কুল থেকে বহিষ্কার করে দেওয়া হলে কী হবে?

**এই বিভাগটি প্রতিবন্ধী শিশুদের শাস্তি সংক্রান্ত বহিষ্কারের জন্য পদ্ধতিগুলির সারাংশ দেয়।**

পেনসিলভেনিয়াতে শাস্তি সংক্রান্ত কারণগুলির জন্য LEAগুলির পরিচর্যা করা প্রতিবন্ধী শিশুদের জন্য বিশেষ নিয়মাবলী আছে। অন্যথায় নির্দেশিত না হওয়া পর্যন্ত, চার্টার স্কুলে পড়া শিশুরা একই প্রক্রিয়া অনুসরণ করে:

### A. <u>স্কুল কর্মীর অধিকার (34 CFR §300.530)</u>

1. **কেস অনুযায়ী নিরুপণ**

   স্কুলের কর্মী, শাস্তিদান সংক্রান্ত নিম্নলিখিত আবশ্যিকতাগুলির সাথে সামঞ্জস্য রেখে করা প্লেসমেন্টের পরিবর্তন, স্কুলের শিক্ষার্থীর আচরণ বিধি লঙ্ঘনকারী একজন প্রতিবন্ধী শিশুর ক্ষেত্রে যথাযথ কিনা তা নির্ধারণ করার সময়, কেস অনুযায়ী কোনো স্বতন্ত্র পরিস্থিতি বিবেচনা করতে পারেন।

2. **সাধারণ**

   স্কুলের কর্মীরা প্রতিবন্ধী নয় এমন শিশুদের জন্যও যতটা সম্ভব এই ধরনের পদক্ষেপ নেন, তারা হয়তো, **পরপর 10 স্কুল দিবসের বেশি নয়** এমন মেয়াদের জন্য, শিক্ষার্থীর আচরণ বিধি লঙ্ঘনকারী একজন প্রতিবন্ধী শিশুকে (মানসিকভাবে প্রতিবন্ধী শিশু ছাড়া) ঠিক একইভাবে তার বর্তমান প্লেসমেন্ট থেকে সরিয়ে একটি যথাযথ অন্তর্বর্তীকালীন বিকল্প শিক্ষামূলক সেটিং, অন্য একটি সেটিংয়ে রাখতে পারেন, বা সাসপেন্ড করতে পারেন। স্কুলের কর্মীরা অন্য কোনো অসদাচরণের জন্য একই স্কুল বর্ষে **পরপর 10 স্কুল দিবসের বেশি নয়** এমন মেয়াদের জন্য শিশুটির উপর অতিরিক্ত বহিষ্কার আরোপ করতে পারেন, যতক্ষণ পর্যন্ত সেইসব বহিষ্কারগুলি প্লেসমেন্টের পরিবর্তন না হয় (সংজ্ঞার জন্য নিচের, ***শাস্তি সংক্রান্ত বহিষ্কারের কারণে প্লেসমেন্টের পরিবর্তন*** দেখুন) বা একই স্কুল বর্ষে মোট 15 স্কুলের দিবসের বেশি না হয়। একজন প্রতিবন্ধী শিশুকে একই স্কুল বর্ষে মোট **10 স্কুল দিবসের** জন্য তার বর্তমান প্লেসমেন্টের থেকে বহিষ্কার করা হলে, LEA কে, সেই স্কুল বর্ষে অন্য কন্য পরবর্তী বহিষ্কারের সময়, নিচের ***পরিষেবাগুলি*** উপ-শিরোনামের অধীনে যতটা প্রয়োজন ততগুলি পরিষেবা প্রদান করতে হবে।

3. **অতিরিক্ত অধিকার**

   শিক্ষার্থীর আচরণ বিধি লঙ্ঘনকারী আচরণটি শিশুটির প্রতিবন্ধকতার অভিব্যক্তি (নিচের, ***অভিব্যক্তি নিরুপণ*** দেখুন) না হলে এবং শাস্তি সংক্রান্ত প্লেসমেন্টের পরিবর্তন **পরপর 10 স্কুল দিবসের** চেয়ে বেশি হলে, স্কুলের কর্মী সেই প্রতিবন্ধী শিশুর জন্য একইভাবে ও প্রতিবন্ধী নয় এমন শিশুদের জন্য যতদিনের জন্য করা হয় সেই সমান দিনের জন্য, স্কুলের নিচের ***পরিষেবাগুলির*** অধীনে করা বর্ণনা অনুসারে শিশুটিকে পরিষেবাগুলি প্রদান করা ছাড়া, শাস্তি সংক্রান্ত প্রক্রিয়া প্রয়োগ করতে পারেন। শিশুটির IEP টিম এইধরনের পরিষেবাগুলির জন্য অন্তর্বর্তীকালীন বিকল্প শিক্ষামূলক সেটিং নির্ধারণ করে। PA বিশেষ শিক্ষা আইন (22 Pa. আইনের ধারা 14.143)-এর অধীনে, একটি স্কুল বর্ষে মোট 15 স্কুল দিবসের বেশি দিনের জন্য একজন প্রতিবন্ধী শিশুর শাস্তি সংক্রান্ত বহিষ্কারকে একটি ধরন হিসেবে বিবেচনা করা হবে যাতে সেটি শিক্ষামূলক প্লেসমেন্টে একটি পরিবর্তন হিসেবে দেখা হয় (শাস্তি সংক্রান্ত বহিষ্কারের কারণে প্লেসমেন্ট পরিবর্তনের অধীনে ব্যাখ্যা করা আছে)। LEA কে প্লেসমেন্টে পরিবর্তন হওয়া একটি বহিষ্কারের আগে পিতামাতাকে একটি NOREP/অগ্রিম লিখিত বিজ্ঞপ্তি জারি করতে হবে (পরপর 10 দিনের বেশি বা মোট 15 দিনের বহিষ্কারের জন্য)।

4. **পরিষেবাগুলি**

